# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Ashar 15, 1433 Bangla, June 29, 2026, Monday, No. 174, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has directed authorities concerned to develop Bangladesh Space Research and Remote Sensing Organization into a modern institution. [R. Today: 18]

Tarique Rahman has urged students to prepare themselves to help build a developed and prosperous Bangladesh. [R. Today: 18]

Information and Broadcasting Minister has hoped that MoUs signed between Bangladesh and China will bring a qualitative change in Bangladesh's new media. [R. Today: 19]

Water Resources Minister has informed that feasibility study will be completed soon to start work on Teesta Master Plan with help of China. [R. Today: 20]

ICT-1 has sentenced three former police officials including former DMP commissioner Habibur Rahman to death for killing two people and shooting others in Rampura during July uprising. [BBC: 03]

Government has taken a plan to upgrade district-level hospitals with full-fledged facilities to reduce pressure on major hospitals in Dhaka. [Jago FM: 13]

Four more children have died from measles-like symptoms in country. [Jago FM: 16]

Teesta and Jaldhaka River are flowing above danger level due to heavy rainfall and fresh upstream surge, 'Red Alert' has been issued for areas adjacent to Jaldhaka River. [Jago FM: 13]

US has conducted new strikes on Iran following a drone attack on a Panama-flagged vessel in Strait of Hormuz. [DW: 12]

## দৈনিক মনিটরিং রিপোর্ট

### মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা

### আষাঢ় ১৫, বাংলা ১৪৩৩, জুন ২৯, ২০২৬, সোমবার, নং- ১৭৪, ৫৬তম বছর

# শিরোনাম

বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান, স্পারসোকে আধুনিক ও যুগোপযোগী প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার নির্দেশ প্রধানমন্ত্রীর। [রে. টুডে: ১৮]

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তুলতে শিক্ষার্থীদের প্রস্তুত থাকতে হবে। [রে. টুডে: ১৮]

চীনের সঙ্গে স্বাক্ষরিত সমঝোতা স্মারকগুলোর মাধ্যমে বাংলাদেশের নিউ মিডিয়ায় গুণগত পরিবর্তন আসবে বলে তথ্য ও সম্প্রচারমন্ত্রীর আশাবাদ । [রে. টুডে: ১৯]

তিস্তা মহাপরিকল্পনার কাজ শুরু করতে খুব দ্রুত সম্ভাব্যতা জরিপ শেষ করা হবে, জানিয়েছেন পানিসম্পদ মন্ত্রী। [রে. টুডে: ২০]

জুলাই গণ-অভ্যুত্থানের সময় রামপুরায় কার্নিশে ঝুলে থাকা এক তরুণকে গুলি ও আরো দুইজনকে হত্যা মামলায় ডিএমপির সাবেক কমিশনার হাবিবুর রহমানসহ পুলিশের সাবেক তিন কর্মকর্তার মৃত্যুদণ্ড । [বিবিসি: ০৩]

ঢাকার বড় হাসপাতালগুলোর ওপর চাপ কমাতে জেলা পর্যায়ের হাসপাতালগুলোকে পূর্ণাঙ্গ সুযোগ -সুবিধাসম্পন্ন করে গড়ে তোলার পরিকল্পনা নিয়েছে সরকার। [জাগো এফএম: ১৩]

দেশে হামের উপসর্গ নিয়ে আরও ৪ শিশুর মৃত্যু। [জাগো এফএম: ১৬]

পাহাড়ি ঢল ও বৃষ্টির পানিতে তিস্তা ও জলঢাকাসহ প্রধান নদীগুলো বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে , জলঢাকা নদীসংলগ্ন এলাকায় `রেড অ্যালার্ট' জারি। [জাগো এফএম: ১৩]

হরমুজ প্রণালিতে একটি বাণিজ্যিক জাহাজে আক্রমণের জবাবে ইরানে হামলা চালিয়েছে যুক্তরাষ্ট্র । [ডয়চে ভেলে: ১২]

# বিবিসি

## কার্নিশে ঝুলে থাকা তরুণকে গুলি, সাবেক ডিএমপি কমিশনার হাবিবসহ তিন পুলিশের মৃত্যুদণ্ড

জুলাই গণ-অভ্যুত্থানের সময় ঢাকার রামপুরায় কার্নিশে ঝুলে থাকা এক তরুণকে গুলি ও আরো দুইজনকে হত্যার ঘটনায় করা মানবতাবিরোধী অপরাধের মামলায় ঢাকা মহানগর পুলিশ বা ডিএমপির সাবেক কমিশনার হাবিবুর রহমানসহ তিন পুলিশ সদস্যকে মৃত্যুদণ্ড দিয়েছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। এছাড়া অন্য দুই আসামির একজনের যাবজ্জীবন এবং আরেকজনের ২০ বছরের কারাদণ্ড দেওয়া হয়েছে। এই দুইজনই পুলিশ সদস্য। রোববার এ মামলার রায় ঘোষণা করে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১। মৃত্যুদণ্ডপ্রাপ্ত অপর দুইজন হলেন, ডিএমপির খিলগাঁও অঞ্চলের সাবেক এডিসি রাশেদুল ইসলাম এবং রামপুরা থানার সাবেক ওসি মশিউর রহমান। একই থানার সাবেক এসআই তারিকুল ইসলাম ভুঁইয়ার যাবজ্জীবন এবং রামপুরা পুলিশ ফাঁড়ির সাবেক এএসআই চঞ্চল চন্দ্র সরকারকে ২০ বছরের কারাদণ্ড দেওয়া হয়েছে। আসামিদের মধ্যে শুধুমাত্র চঞ্চল চন্দ্র সরকার গ্রেফতার রয়েছেন। বাকিরা পলাতক। রায় ঘোষণার সময় তাকে আদালতে হাজির করা হয়। রায়ের পরে সাজা পরোয়ানা দিয়ে কারাগারে পাঠানো হয় তাকে। এই মামলায় আসামিদের বিরুদ্ধে আনা অভিযোগের মধ্যে রয়েছে, ২০২৪ সালের আন্দোলনের সময় সাবেক প্রধানমন্ত্রী ও উর্ধ্বতন কর্মকর্তাদের সরাসরি নির্দেশনায় এবং তৎকালীন ডিএমপি কমিশনার হাবিবুর রহমানের আদেশে আসামিরা নিজেদের দায়িত্বপ্রাপ্ত এলাকার বাইরে গিয়ে আন্দোলনকারীদের ওপর প্রাণঘাতী অস্ত্র দিয়ে হামলা চালায়। চব্বিশের ১৯ জুলাই দুপুর আড়াইটার দিকে বনশ্রী এইচ ব্লকে জামে মসজিদের সামনের গলিতে পুলিশ এলোপাতাড়ি গুলি চালায়। সেসময় মো. নাদিম নামে এক ব্যক্তির গায়ে গুলি লাগে এবং ঘটনাস্থলেই মারা যান তিনি। আরেকটি অভিযোগে, কার্নিশে ঝুলে থাকা ১৮ বছরের তরুণ আমির হোসেনকে হত্যার উদ্দেশ্যে গুলি ও গুরুতর জখম করার ঘটনার কথা বলা হয়েছে। (বিবিসি ওয়েব পেজ : ২৮.০৬.২০২৬ নারগীস)

## জুলাই আন্দোলনের নেতা ও মাস্টারমাইন্ড নিয়ে সংসদে পাল্টাপাল্টি বক্তব্য

চব্বিশের জুলাই আন্দোলনের নেতা ও মাস্টারমাইন্ড কে? এমন প্রশ্নে পাল্টাপাল্টি বক্তব্য দিয়েছেন সরকারি দল বিএনপি ও বিরোধী দল জামায়াতে ইসলামীর সংসদ সদস্যরা। রোববার জাতীয় সংসদের বাজেট অধিবেশনে বিএনপির সংসদ সদস্য ও প্রতিমন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাত জামায়াতে ইসলামীর আমির শফিকুর রহমানকে উদ্ধৃত করে বলেন, তারেক রহমানের নেতৃত্বে জুলাই গণ-অভ্যুত্থান হয়েছে। তিনি বলেন, "গণ-অভ্যুত্থানের পরপরই বিরোধী দলীয় নেতা একটি কথা বলেছিলেন, আমাদের সাথে আন্দোলনের প্রধান নায়ক, আমি তাকে বিশেষভাবে ধন্যবাদ জানাচ্ছি, জনাব তারেক রহমান, আজকে সংযুক্ত হয়েছেন। তিনি দূরে থেকেও জাতিকে আমি বলবো, অত্যন্ত বুদ্ধিবৃত্তিকভাবে, অত্যন্ত সফলভাবে নেতৃত্ব দিয়েছেন।„ "অর্থাৎ তিনি নেতৃত্ব দিয়ে এই গণ-অভ্যুত্থানটাকে সফল করে আজকে আমরা এই জায়গায় এসছি, এটা তার মুখের কথা। কাজেই বাজেট নিয়ে বিরোধী দলীয় নেতারা যে চিন্তিত আছেন, আপনাদের চিন্তিত হওয়ার কোনো কারণ নেই,„ বলেন তিনি। তার বক্তব্যের পরে বিরোধী দলীয় নেতা শফিকুর রহমান বলেন, আন্দোলনের একক কোনো মাস্টারমাইন্ড মানি না। "আগস্টের পাঁচ তারিখের পরে আমার এই বক্তব্য। ওই সময়ে যাদের নেতৃত্বে এই অভ্যুত্থান সফল হয়েছে, আমার মনে আমরা সবাই অন্তর থেকে তাদেরকে সম্মান করি, ভালোবাসি। তাদের এই জায়গাটা আমাদের ঠিক রাখতে হবে,„ বলেন মি. রহমান। অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা থাকাকালীন অধ্যাপক মুহাম্মদ ইউনূস যুক্তরাষ্ট্রে এক অনুষ্ঠানে বলেছিলেন, বাংলাদেশের চব্বিশের গণ-অভ্যুত্থানের মাস্টারমাইন্ড মাহফুজ আলম, যিনি ওই সরকারে একজন উপদেষ্টা ছিলেন। মি. রহমান বলেন, "এমনকি ড. ইউনূস আমেরিকায় গিয়ে একজনকে তিনি মাস্টারমাইন্ড বলেছিলেন। আমিই সেই ব্যক্তি প্রথমে প্রতিবাদ করে বলেছি, এই আন্দোলনের একক কোনো মাস্টারমাইন্ড আমরা মানি না। আমাদের যুবসমাজকে কৃতিত্ব দিতে চাই। আর মাস্টারমাইন্ড হচ্ছে বাংলাদেশের ১৮ কোটি মানুষ।„ (বিবিসি ওয়েব পেজ : ২৮.০৬.২০২৬ নারগীস)

## চীন কেন বাংলাদেশ থেকে কাঁঠাল নিতে চায়?

প্রধানমন্ত্রী তারেক রহমানের সাম্প্রতিক সফরে চীনের সঙ্গে কাঁঠাল রপ্তানির বিষয়ে একটি সমঝোতা স্মারক সই করেছে বাংলাদেশ। বিশ্বজুড়ে বিভিন্ন পণ্য রপ্তানি করা চীন বাংলাদেশ থেকে কাঁঠাল নেওয়ার ব্যাপারে আগ্রহী, এই বিষয়টি নানা আলোচনার জন্ম দিয়েছে। তবে বাংলাদেশ থেকে কাঁঠাল আমদানিতে চীনের আগ্রহ অবশ্য নতুন নয়। ২০২৫ সালের মে মাসে চীন যখন বাংলাদেশ থেকে প্রথমবারের মতো কাঁচা আম আমদানি শুরু করেছিল, তখনই কাঁঠাল ও পেয়ারার মতো ফল আমদানির আগ্রহের কথাও জানিয়েছিলেন বাংলাদেশে নিযুক্ত চীনের রাষ্ট্রদূত। প্রধানমন্ত্রী তারেক রহমানের সাম্প্রতিক চীন সফরে দুই দেশের মধ্যে বাণিজ্য ঘাটতি কমিয়ে আনার বিষয়টি গুরুত্ব পেয়েছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র মাহদী আমিন, যা বাংলাদেশের বিভিন্ন পণ্য চীনে রপ্তানির বিষয়ে নতুন সম্ভাবনা তৈরি করেছে বলেই মনে করা হচ্ছে। মি. আমিন জানিয়েছেন, প্রধানমন্ত্রীর এই সফরে মোট ১৭টি মেমোরেন্ডাম অফ আন্ডারস্ট্যান্ডিং বা এমওইউ স্বাক্ষরিত হয়েছে বাংলাদেশ ও চীনের মধ্যে। যেখানে অবকাঠামো,

দুর্যোগ ব্যবস্থাপনা, ডিজিটাল ইকোনমিসহ নানা বিষয়ের পাশাপাশি বাংলাদেশ থেকে কাঁঠাল নেওয়ার বিষয়টিও রয়েছে। এর মধ্যদিয়ে বাংলাদেশ থেকে চীনে কাঁঠাল রপ্তানির প্রক্রিয়া আনুষ্ঠানিক অনুমোদনের পর্যায়ে পৌঁছেছে বলেই মনে করেন কৃষি অর্থনীতিবিদ এবং কৃষি পণ্য রপ্তানিখাত সংশ্লিষ্টরা। তারা বলছেন, কৃষি নির্ভর দেশ হলেও কৃষি পণ্য রপ্তানিতে খুব বেশি এগোতে পারেনি বাংলাদেশ।

চীনে কাঁঠাল বা কাঁঠালের তৈরি পণ্য রপ্তানির সুযোগ তৈরি হলে সেটি দেশের কৃষি অর্থনীতিতে নতুন সম্ভাবনা তৈরি করবে বলেও মনে করেন তারা। এছাড়া কাঁঠাল রপ্তানির এই সুযোগ দেশের অন্যান্য কৃষি পণ্যের জন্যও নতুন বাজার তৈরিতে ইতিবাচক ভূমিকা রাখবে বলেই মনে করেন কৃষি পণ্য রপ্তানিখাত সংশ্লিষ্টরা। অবশ্য কাঁঠাল বা কাঁঠালজাত খাদ্যদ্রব্য রপ্তানিতে পণ্যের মান, প্রক্রিয়াজাতকরণ এবং প্যাকেজিংয়ের ক্ষেত্রে অভ্যন্তরীণ সক্ষমতা না থাকায় বেশ কিছু চ্যালেঞ্জও দেখছেন বিশেষজ্ঞরা। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজবিজ্ঞান অনুষদের ডিন ড. মোহাম্মদ আমিরুল ইসলাম বলছেন, "আমাদের টোটাল কৃষি খাতের রপ্তানি এখনো তেমন ভালো নয়। আমরা যতটুকু রপ্তানি করি, তার বেশিভাগই এথনিক মার্কেটে।„ "কৃষি পণ্যের ক্ষেত্রে কোয়ালিটি মেইনটেইন না হওয়ায় ইউরোপিয়ান মার্কেটে এখনো আমরা তেমন ঢুকতে পারিনি„ বলেও মনে করেন তিনি। প্রসঙ্গত, এথনিক মার্কেট বলতে এমন বাজারকে বোঝায় যা নির্দিষ্ট জাতি, গোষ্ঠী বা সংস্কৃতির ওপর ভিত্তি করে গড়ে ওঠে।

**বিশ্বের সবচেয়ে বড়ো কাঁঠাল আমদানিকারক চীন**

কাঁঠাল মূলত এশিয়ার ফল হলেও বিশ্বজুড়ে এর শত কোটি ডলারের বাজার রয়েছে। বিশ্বব্যাপী কাঁঠাল রপ্তানি ২০১২ সালে যেখানে ২০০ কোটি মার্কিন ডলার ছিল, সেটা ২০২৩ সাল নাগাদ বেড়ে ৩৭০ কোটি ডলারে পৌঁছেছে। ভিয়েতনাম, থাইল্যান্ড, নেদারল্যান্ডস, চীন ও ইকুয়েডর বিশ্বব্যাপী রপ্তানির ৬০ শতাংশের সঙ্গে জড়িত। শুধু ভিয়েতনামই বিশ্বব্যাপী কাঁঠাল বাজারের ২৫ শতাংশ দখল করে আছে। এদিকে, চীন হলো কাঁঠালের সবচেয়ে বড়ো ভোক্তা বা আমদানিকারক। তারাও তাদের চাহিদার বড়ো অংশ পাশের দেশ ভিয়েতনাম ও থাইল্যান্ড থেকেই পূরণ করে। এদিকে, বাংলাদেশ হলো কাঁঠাল উৎপাদনকারী প্রধান দেশগুলোর অন্যতম। যদিও বৈশ্বিক বাজারে বাংলাদেশের অংশগ্রহণের হার কম। জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার একটি প্রতিবেদন অনুযায়ী, বৈশ্বিক কাঁঠাল রপ্তানিতে বাংলাদেশের অংশ মাত্র ০.৩ শতাংশ। যুক্তরাজ্য, ইতালি, কানাডা ও ফ্রান্স হলো প্রধান রপ্তানি গন্তব্য, যেখানে বাংলাদেশের কাঁঠাল রপ্তানির প্রায় ৮৫ শতাংশ যায়। যার সিংহভাগ (৭৬ শতাংশ) যুক্তরাজ্যে যায়। ফলে চীন ও বাংলাদেশের মধ্যে কাঁঠাল নিয়ে বাণিজ্যের একটি বড়ো সুযোগ রয়েছে।

**অর্থনৈতিক সম্ভবনা কতটা?**

বাংলাদেশে কাঁঠালের ব্যাপক উৎপাদন হলেও গ্রাহক পর্যায়ে এর জনপ্রিয়তা সীমিত। এছাড়া, স্থানীয়ভাবে এই ফল দিয়ে বিভিন্ন ধরনের পণ্য তৈরির ব্যবস্থা বা প্রক্রিয়াজাতকরণের সুযোগ তেমন উদ্যোগ না থাকায় উৎপাদিত কাঁঠালের বেশিরভাগই নষ্ট হয়। বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ফল গবেষণা কেন্দ্রের তথ্য অনুযায়ী, প্রতি বছর বাংলাদেশে আট থেকে ১০ লাখ মেট্রিক টন কাঁঠাল উৎপাদন হয়। কিন্তু অভ্যন্তরীণ চাহিদা কম থাকা এবং রপ্তানির সুযোগ তৈরি না হওয়ায় প্রতিবছর এর ৪৫ শতাংশেরও বেশি নষ্ট হয়। ফল গবেষণা কেন্দ্রের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. শফিকুল ইসলাম বলছেন, "বাংলাদেশে উৎপাদিত ফলের মধ্যে আম প্রথম, কলা দ্বিতীয় এবং তৃতীয় কাঁঠাল।„ কাঁঠালের বাণিজ্যিক গুরুত্ব থাকায় এর নতুন জাত উদ্ভাবন এবং এই ফল থেকে নানা ধরনের খাদ্যদ্রব্য তৈরির গবেষণা করেছেন বাংলাদেশের কৃষি গবেষণা ইনস্টিটিউটের কৃষিবিদরা। কাঁঠাল ব্যবহার করে গবেষণাগারে ভেজিটেবল মিট, চিপস, আচার, জেলি, আইসক্রিম, কেকসহ বিভিন্ন ধরনের খাদ্যদ্রব্য তৈরি করছেন গবেষকরা। এমনকি কয়েক বছর আগে উদ্ভাবিত 'কাঁঠালসত্ত্ব' ব্যাপক আলোচনার জন্ম দিয়েছিল। "এখন পর্যন্ত কাঠালের ছয়টি জাত কৃষি গবেষণা ইনস্টিটিউট থেকে উদ্ভাবন করা হয়েছে। বিশ্বে কাঁঠাল উৎপাদনে দ্বিতীয় অবস্থানে বাংলাদেশ। ফলে এর রপ্তানির ক্ষেত্রে সম্ভাবনা রয়েছে,„ বিবিসি বাংলাকে বলেন মি. ইসলাম। বিশ্বের বিভিন্ন দেশে কাঁঠাল দিয়ে তৈরি খাবারের জনপ্রিয়তা থাকায় এই পণ্যের ভালো সম্ভাবনা দেখছেন কৃষি অর্থনীতিবিদরা। তারা বলছেন, ইন্দোনেশিয়া, ফিলিপিন্স, ভিয়েতনামসহ দক্ষিণ এশিয়ার বেশ কিছু দেশে কাঁঠাল দিয়ে তৈরি নানা ধরনের প্রক্রিয়াজাত খাদ্যদ্রব্যের জনপ্রিয়তা রয়েছে। এছাড়া কৃষি অর্থনীতিতে এখনো পিছিয়ে থাকা বাংলাদেশ কাঁঠালের মাধ্যমে অন্যান্য কৃষি পণ্যের জন্যও নতুন রপ্তানি বাজার তৈরি করতে পারে। চীনের সঙ্গে কাঁঠাল রপ্তানির সমঝোতাকে বাংলাদেশের সার্বিক কৃষি অর্থনীতির জন্য বাজার সম্প্রসারণের সুযোগ হিসেবেই দেখছেন কৃষি পণ্য রপ্তানিখাত সংশ্লিষ্টরা। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজবিজ্ঞান অনুষদের ডিন ড. মোহাম্মদ আমিরুল ইসলাম বলছেন, "এর মাধ্যমে একটা বিজনেস চ্যানেলও তৈরি হবে, আমরা তো কিছু ফ্রুট রপ্তানি করি- এটি কৃষকদের জন্যও ভালো।„

**রপ্তানির ক্ষেত্রে যেসব চ্যালেঞ্জ**

বাংলাদেশের রপ্তানি পণ্যে বৈচিত্র্য না থাকার বিষয়টি নিয়ে নানা আলোচনা-সমালোচনা রয়েছে। দেশের মোট রপ্তানি পণ্যের বড়ো অংশই আসে পোশাক খাত থেকে। অথচ কৃষি নির্ভর বাংলাদেশে কৃষি অর্থনীতির বড়ো সুযোগ থাকলেও

নানা কারণে সেটি কখনই খুব একটা এগোতে পারেনি। এক্ষেত্রে নীতিগত ও আইনগত কিছু জটিলতার কারণে এ খাত এখনো প্রত্যাশিত পর্যায়ে পৌঁছাতে পারেনি বলেই মনে করেন কৃষি অর্থনীতিবিদ এবং রপ্তানি খাত সংশ্লিষ্টরা। মূলত কৃষি পণ্য রপ্তানির ক্ষেত্রে এর উৎপাদন থেকে শুরু করে প্রক্রিয়াজাত করা পর্যন্ত পুরোটাই গুরুত্বপূর্ণ। কাঁঠাল কিংবা কাঁঠালজাত খাদ্যদ্রব্য রপ্তানির ক্ষেত্রে এখানেই সবথেকে বড়ো বাধা দেখছেন বাংলাদেশ অ্যাগ্রো-বেজড প্রোডাক্টট প্রডিউসারস অ্যান্ড মার্চেন্ট অ্যাসোসিয়েশনের সভাপতি মোহাম্মদ রুহুল আমিন। তিনি বলছেন, "কাঁঠাল দিয়ে তৈরি পণ্য কয়েকটি দেশে রপ্তানি হচ্ছে, কিন্তু চীন কীভাবে নেবে, সেটি হলো প্রশ্ন। কারণ কাঁঠাল সংরক্ষণ করা এবং পরিবহণের ক্ষেত্রে কিছু ঝুঁকি আছে।„ এক্ষেত্রে চীন যদি বিনিয়োগ করে বা প্রক্রিয়াজতকরণের ক্ষেত্রে কারিগরি সহায়তা দেয়, তাহলে বিষয়টি সহজ হবে বলেও মনে করেন তিনি। কাঁঠাল থেকে খাদ্যদ্রব্য (যেমন- চিপস্, আচার, জেলি) তৈরি এবং প্রক্রিয়াজাত করার একটি উদ্যোগ অতীতে তাদের সংগঠনের পক্ষ থেকে নেওয়া হলেও নানা জটিলতায় সেটি আর আলোর মুখ দেখেনি। "বাংলাদেশেই কারখানা করে কাঁঠাল থেকে চিপস্ বা অন্য খাদ্যদ্রব্য তৈরির পদক্ষেপ আমরা নিয়েছিলাম। ইউরোপীয় ইউনিয়নের সঙ্গেও রপ্তানির বিষয়ে আমাদের কথা হয়েছিল। কিন্তু শেষমেষ এটা আর হয়নি,„ বিবিসি বাংলাকে বলেন তিনি।

কেবল চীন নয়, বিশ্বের অন্যান্য দেশেও বাংলাদেশ থেকে কাঁঠাল দিয়ে তৈরি খাদ্যদ্রব্য রপ্তানির সুযোগ রয়েছে বলেও মনে করেন মি. আমিন। কৃষি অর্থনীতিবিদরা বলছেন, কৃষি পণ্য রপ্তানির ক্ষেত্রে এর মান এবং প্রসেসিং খুবই গুরুত্বপূর্ণ। তাই মার্কেটে ঢোকার আগে এ বিষয়ে প্রস্তুতি নেওয়ার পরামর্শ তাদের। কৃষি পণ্যের মান নিয়ন্ত্রণ এবং প্রক্রিয়াজাতকরণের ক্ষেত্রে সরকারের বিনিয়োগ আরও বাড়ানোর কথা বলছেন কৃষি অর্থনীতিবিদ ড. মোহাম্মদ আমিরুল ইসলাম। অবশ্য চীনের সঙ্গে কাঁঠালের বিষয়ে হওয়া সমঝোতা এই পণ্যের উৎপাদন এবং রপ্তানির সুযোগ বাড়িয়েছে বলেও মনে করেন তিনি। তিনি বলছেন, "চীন যখন আমাদের সঙ্গে কাঁঠাল আমদানির চুক্তিতে যাবে, তখন তার প্রসেসের ক্ষেত্রে তারা নিশ্চয়ই টেকনিক্যাল হেল্পও করবে। এছাড়া এই সুযোগে আমরাও এমন কিছু টেকনোলজিও শিখতে পারবো, যা দিয়ে আমাদের লোকাল মার্কেটেও সেগুলো কাজে লাগাতে পারবো।„ তবে স্থানীয় চাহিদার বিষয়টিও মাথায় রাখতে বলছেন এই কৃষি অর্থনীতিবিদ। "আমরা যখন সুযোগ পাই, তিনগুণ দাম পাই, তখন সবই দেশের বাইরে পাঠানোর চেষ্টা করি। দেশিয় চাহিদা এবং নিউট্রিশনকেও গুরুত্ব দিতে হবে,„ বিবিসি বাংলাকে বলেন তিনি। (বিবিসি ওয়েব পেজ : ২৮.০৬.২০২৬ নারগীস)

## ভারতীয় ভিসা কার্যক্রম চালু, সম্পর্ক স্বাভাবিক হতে আরও যত চ্যালেঞ্জ

বাংলাদেশের ঢাকায় ভারতীয় হাইকমিশন আজ রোববার থেকে স্বাভাবিক ভিসা কার্যক্রম শুরু করেছে, যার ফলে প্রায় দুই বছর পর বাংলাদেশিদের ট্যুরিস্ট ভিসা আবেদন গ্রহণ করা শুরু হলো। দেশটি এতদিন সীমিত আকারে মেডিকেল ভিসা দিয়ে আসলেও স্বাভাবিক ভিসা কার্যক্রম বিশেষ করে ট্যুরিস্ট ভিসা আবেদন নেওয়া বন্ধ ছিল। ফলে ভ্রমণ ছাড়াও তৃতীয় কিছু দেশের ভিসার জন্য আবেদন করার ক্ষেত্রেও বাংলাদেশিরা সমস্যার মুখে পড়েছিলেন। বাংলাদেশে অধ্যাপক মুহাম্মদ ইউনূসের অন্তর্বর্তী সরকারের বিদায়ের আগে থেকেই ভারত সরকার বাংলাদেশের নির্বাচিত সরকারের সাথে কাজ করার আগ্রহ প্রকাশ করেছিল। কিন্তু সম্প্রতি বাংলাদেশের প্রধানমন্ত্রীর একজন উপদেষ্টাকে দিল্লি বিমানবন্দরে হেনস্তার ঘটনায় বাংলাদেশ অসন্তোষ প্রকাশ করেছিল। এমন প্রেক্ষাপটে বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান যখন চীন সফরে ছিলেন, তখন গত ২৫ জুন বাংলাদেশে ভারতীয় হাইকমিশনার দীনেশ ত্রিবেদী ট্যুরিস্ট ভিসা চালুর ঘোষণা দিয়েছিলেন, যা অনেকের মধ্যে কৌতূহল তৈরি করেছিল। বিশ্লেষকরা কেউ কেউ মনে করেন, ভারতের নতুন হাইকমিশনার দায়িত্ব গ্রহণের দিনই ভিসা কার্যক্রম স্বাভাবিক করার ঘোষণা দেওয়ার মধ্যে বাংলাদেশের সাথে সম্পর্ক উন্নয়নে দেশটির আগ্রহ প্রকাশ পেয়েছে এবং একটি সম্পর্ক এগিয়ে নেওয়ার ক্ষেত্রে বাধাগুলো দূর করতে আলোচনার পরিবেশ তৈরিতে সহায়ক হবে। আবার কেউ বলছেন, ভিসা চালুর মধ্যদিয়ে ভারত বাংলাদেশের সাথে স্বাভাবিক কূটনৈতিক সম্পর্ক তৈরির ইঙ্গিত দিলেও এ ক্ষেত্রে বড়ো চ্যালেঞ্জ হয়ে দাঁড়াতে পারে সীমান্তে `পুশ-ইন„ তিস্তা ও গঙ্গা নদীর পানি বণ্টনের মতো ইস্যুগুলো।

### ভিসা চালু কী বার্তা দিচ্ছে

বাংলাদেশে ২০২৪ সালের আগস্টে শেখ হাসিনার নেতৃত্বাধীন আওয়ামী লীগ সরকারের পতনের পর, ক্ষমতায় আসা অন্তর্বর্তী সরকারের সময়ে বাংলাদেশ-ভারত সম্পর্কের দৃশ্যত অবনতি ঘটেছিল। দুইপক্ষেই ভিসা কার্যক্রম স্থগিত ছাড়াও তখন দুই দেশেরই রাজনীতিবিদদের কারও কারও বক্তব্য-পাল্টা বক্তব্যে কূটনৈতিক সম্পর্কে অস্বস্তি বেড়ে গিয়েছিল। এমনকি তখন দুই দেশেই হাইকমিশনের সামনে বিক্ষোভের ঘটনায় হাইকমিশনারদের পাল্টাপাল্টি তলবের ঘটনাও ঘটেছে। চলতি বছরের ফেব্রুয়ারিতে বিএনপি সরকার ক্ষমতায় আসার পর উভয় দেশের তরফ থেকেই আবার সম্পর্ক উন্নয়ন বা স্বাভাবিক করার দিকে অগ্রসর হওয়ার আগ্রহ প্রকাশ পেতে শুরু করে। দুই দেশের পররাষ্ট্রমন্ত্রীদের সফর ও প্রধানমন্ত্রীদের মধ্যে ফোনালাপসহ নানা উদ্যোগও দেখা গেছে গত চার মাসে। যদিও সম্প্রতি প্রধানমন্ত্রীর উপদেষ্টা জাহেদ উর রহমানের দিল্লি বিমানবন্দরে গিয়ে হেনস্তার শিকার হয়ে দেশে ফেরত আসার ঘটনা দুই দেশের

সম্পর্ককে আবারও আলোচনায় নিয়ে এসেছিল। এর মধ্যেই ক্ষমতায় আসার পর প্রথম বিদেশ সফরের জন্য মালয়েশিয়া ও চীনকে বেছে নেন বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান। মি. রহমান চীন সফরে থাকার সময়েই বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাইকমিশনার দিনেশ ত্রিবেদী গত ২৫ জুন রাষ্ট্রপতির কাছে পরিচয়পত্র পেশের পর বাংলাদেশে ২৮ জুন থেকে ট্যুরিস্ট ভিসা কার্যক্রম শুরুর ঘোষণা দিয়েছিলেন। ফলে ভিসা কার্যক্রম শুরুর এই ঘোষণার আলাদা কোনো তাৎপর্য আছে কি-না সেই আলোচনাও রাজনৈতিক ও কূটনৈতিক অঙ্গনে উঠে আসে। সাবেক রাষ্ট্রদূত ও নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের সিনিয়র রিসার্চ ফেলো মোহাম্মদ সুফিউর রহমান অবশ্য বলছেন, ভারত স্বাভাবিক ভিসা আবেদন নেওয়ার কার্যক্রম যেভাবে অস্বাভাবিকভাবে বন্ধ করে রেখেছিল, সেটিকে স্বাভাবিকীকরণ করলো। ”ভিসা কার্যক্রম দুই দেশের মধ্যে খুব স্বাভাবিক একটি কার্যক্রম। ফলে এটা নতুন করে চালু করাটা যুগান্তকারী কোনো বিষয় নয়। এটা তাদের করণীয় ছিল এবং সেটা তারা করেছে, যা ইতিবাচক,„ বিবিসি বাংলাকে বলছিলেন তিনি।

ভিসা কার্যক্রম চালু বা স্বাভাবিকীকরণের মাধ্যমে ভারত বাংলাদেশের বর্তমান সরকারকে কোনো বার্তা দিলো কি-না এমন প্রশ্নের জবাবে মি. রহমান বলেন, তিনি মনে করেন, ভারতের এই ভিসা কার্যক্রম চালু ইতিবাচক পদক্ষেপ হলেও দুই দেশের সম্পর্ক স্বাভাবিক করার ক্ষেত্রে জনগণের দৃষ্টিভঙ্গিকেই বিবেচনায় নিতে হবে। আন্তর্জাতিক সম্পর্কের বিশ্লেষক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. নিলয় রঞ্জন বিশ্বাস বলছেন, ভারতীয় ভিসা কার্যক্রম শুরুটা দুই দেশের মানুষের মধ্যে আস্থার সম্পর্ক তৈরির প্রক্রিয়াকে এগিয়ে নিবে। ”সম্পর্ক উন্নয়নে মানুষের যাতায়াতের সুযোগ বিশেষ গুরুত্বপূর্ণ। বাংলাদেশে নির্বাচিত সরকার আসার পর থেকেই এটা আশা করা হচ্ছিল। এটি দুই দেশের মধ্যে নিয়মিত আলোচনার ক্ষেত্র তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে,„ বিবিসি বাংলাকে বলছিলেন তিনি।

**সামনে যত চ্যালেঞ্জ**

বিশ্লেষকরা বলছেন, ভিসা কার্যক্রম স্বাভাবিক না থাকায় দুই দেশের কূটনৈতিক সম্পর্ক স্বাভাবিকীকরণে যে অচলাবস্থা তৈরি হয়েছে, সেটির আপাতত অবসান হলেও সামনে বাংলাদেশের জন্য কিছু গুরুত্বপূর্ণ ইস্যুতে ভারত সরকার কী অবস্থান নেয়, সেগুলোও গুরুত্বপূর্ণ হয়ে উঠতে পারে। বিশেষ করে গঙ্গার পানি বণ্টন চুক্তির মেয়াদ চলতি বছর ডিসেম্বরেই শেষ হচ্ছে। ফারাক্কা বাঁধ চালু হওয়ার দুই দশকেরও বেশি সময় পর ১৯৯৬ সালে ভারত ও বাংলাদেশ ত্রিশ বছর মেয়াদি ওই চুক্তি সম্পাদন করেছিল। গঙ্গার পানি বণ্টন চুক্তির মেয়াদ নবায়ন হবে, নাকি দুই দেশের মধ্যে নতুন করে চুক্তি হবে, তা নিয়ে আনুষ্ঠানিক কোনো ঘোষণা না এলেও দুই দেশের কারিগরি দল এ বিষয়ে প্রাথমিক প্রস্তুতির কাজ শুরু করেছে বলে জানা যাচ্ছে। এছাড়া তিস্তার পানি ন্যায্য বণ্টন নিশ্চিত করতে একটি চুক্তির জন্য বাংলাদেশের আগ্রহ অনেক দিনের। এর মধ্যে বাংলাদেশ সরকার পদ্মা ব্যারেজ নির্মাণ প্রকল্প গ্রহণের ঘোষণা দিয়েছে। এছাড়া গত কিছুদিন ধরে নতুন করে আলোচনায় এসেছে `পুশ-ইন, ইস্যু। নতুন সরকার ক্ষমতায় আসার পর যখন উভয় দেশের সরকারই দ্বিপাক্ষিক সম্পর্ক উন্নয়নে আগ্রহ ব্যক্ত করছে, তখন হুট করে বাংলাদেশের সাথে ভারতের পশ্চিমবঙ্গ অঞ্চলের সীমান্তে এত `পুশ-ইনের, চেষ্টা হচ্ছে কেন, সেটিও অনেকের মধ্যে প্রশ্নের জন্ম দিয়েছে। মোহাম্মদ সুফিউর রহমান বলছেন, দুই দেশের সম্পর্ককে এগিয়ে নেওয়ার ভিত্তি হতে হবে সাধারণ মানুষ এবং মানুষকে কেন্দ্র করেই এ সম্পর্কের ভিত তৈরি হতে হবে। ”দুই দেশের সম্পর্ক টেকসই হয় তখন, যখন পদক্ষেপগুলো জনগণকেন্দ্রিক হয়। এছাড়া সম্পর্ক টেকসই বা দীর্ঘস্থায়ী হয় না। সম্পর্ক জনগণকেন্দ্রিক হলে ছোটোখাটো বিষয়গুলো বাধা হয়ে দাঁড়ানোর সুযোগ পায় না,„ বলছিলেন তিনি। অধ্যাপক ড. নিলয় রঞ্জন বিশ্বাস বলছেন, `পুশ-ইন, কিংবা নদীর পানি বণ্টন- সব কিছুই আলোচনার মাধ্যমে সুরাহা করতে হবে, যাতে জনআস্থা বৃদ্ধির মাধ্যমে দুই দেশের সম্পর্ক আরও ভালো করা সম্ভব হয়। ”দুই দেশের সম্পর্কের ক্ষেত্রে সামনে অনেক চ্যালেঞ্জ আছে। গঙ্গার পানি চুক্তির ইস্যু আছে। `পুশ-ইন, ইস্যু আছে। বাংলাদেশ ন্যায্য দৃষ্টিভঙ্গি প্রত্যাশা করে। পশ্চিমবঙ্গে বাংলাদেশকে নিয়ে নানা মন্তব্য শোনা যায়। আমার মনে হয়, ভারতের রাজ্য বা কেন্দ্রীয় সরকার হিসেবে দুইদেশের মধ্যকার সম্পর্কে অস্বস্তি তৈরি হয়, এমন কোনো মন্তব্য করা শ্রেয় হবে না,„ বিবিসি বাংলাকে বলছিলেন তিনি।(বিবিসি ওয়েব পেজ : ২৮.০৬.২০২৬ আলী আহমেদ)

## বাংলাদেশি কাজল ও ভারতীয় তরুণের প্রেমের গল্প পাল্টে দিলো একটি ফোনকল

বলা হয়, প্রেম কোনো সীমানা মানে না কিন্তু গুজরাতের তরুণ প্যাটেল ও বাংলাদেশি কাজলের জীবনে সীমান্তই এখন প্রধান শত্রু। প্রথমে প্রেম ও পরে সীমান্ত পেরিয়ে বিয়ে, যার জেরে পরিবারটি আইনি জটিলতায় পড়েছে। গুজরাত পুলিশের 'অপারেশন ডেল্টা হান্ট' হঠাৎ সবকিছু ওলটপালট করে দেওয়ার আগে পর্যন্ত তাদের জীবনে কোনো অশান্তি ছিল না। হঠাৎ করেই প্রশাসন জানতে পারে যে, ওই বাংলাদেশি নারী অবৈধভাবে ভারতে প্রবেশ করেছিলেন। ফলে এখন তাকে নিজ দেশে ফেরত পাঠানোর ব্যবস্থা করতে চাইছে প্রশাসন। তরুণের এখন একমাত্র লক্ষ্য হলো- তার সন্তানরা যেন মায়ের সান্নিধ্য থেকে বঞ্চিত না হয়, তা নিশ্চিত করা।

**একটি ফোন কল ও গ্রেফতার**

২ জুনের কথা মনে পড়ে গুজরাতের আনন্দ জেলার লাম্বভেল গ্রামের বাসিন্দা তরুণ প্যাটেলের। একটি সাধারণ ফোন কলের সূত্র ধরে পুলিশ তার বাড়িতে এসেছিল সেদিন। তিনি বলেন, ”কাজলের মা বাংলাদেশে থাকেন। মায়ের

শারীরিক অবস্থার খোঁজ-খবর নিতে তিনি মাকে ফোন করেছিলেন। সেই ফোন কলটি ট্র্যাক করা হয় এবং এরপরই পুলিশ আমার বাড়িতে এসে হাজির হয়।„ তরুণ জানান, পুলিশ তার ফোনটি পরীক্ষা করে কাজলের মায়ের নামে সেভ করা একটি নম্বর দেখতে পায় এবং জানতে চায় নম্বরটি কার। তখন তরুণ স্বীকার করেন যে, তার স্ত্রী বাংলাদেশি এবং ওই ফোন কলটি তার মায়ের কাছে বাংলাদেশে করা হয়েছিল। এরপর কাজলকে জিজ্ঞাসাবাদ করা হয় এবং আটক করে নিয়ে যাওয়া হয়। পুলিশ জানায়, কাজলের কাছে কোনো বৈধ নথিপত্র, যেমন পাসপোর্ট বা বিয়ের প্রমাণ নেই। তাই তার বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হবে। বাংলাদেশে থাকা পরিবারের সঙ্গে কি কাজলের নিয়মিত যোগাযোগ ছিল? এই প্রশ্নের জবাবে তরুণ প্যাটেল জানিয়েছেন, ”কাজল মাঝেমধ্যে তার মায়ের সঙ্গে যোগাযোগ করতেন। যে ফোন কলটি ট্র্যাক করা হয়েছিল, সেদিন ফোনে কাজল তার মায়ের খোঁজ নিচ্ছিলেন, তার মায়ের অস্ত্রোপচার হয়েছিল।„ ”সে কান্নাকাটি করে আমাকে বলেছিল যে, তাকে মায়ের সঙ্গে কথা বলাতেই হবে। তাই আমি আমার মোবাইল ফোন থেকেই একটি আইএসডি কল করেছিলাম। আমার স্ত্রী শুধু তার মায়ের কাছে জানতে চায়, তিনি কেমন আছেন। সে জিজ্ঞাসা করে- 'মা, তুমি কেমন আছো? তোমার শরীর কেমন? গুরুতর কিছু হয়নি তো?' ব্যাস, এটুকুই। ওই একটি কলই ট্র্যাক করা হয়েছিল। সে কোনো ভুল জায়গায় ফোন করেনি।„ আনন্দ জেলার পুলিশ সুপার জি. জি. জাসানি বিবিসি গুজরাতির সংবাদদাতা নচিকেতা মেহতাকে বলেন, ”কাজল যে গুজরাতে অবৈধভাবে বাস করছেন, তা প্রমাণিত। বাংলাদেশ থেকে গুজরাতে আসার সময় তার কাছে পাসপোর্ট বা বিয়ের কোনো প্রমাণ ছিল না।„

**ফেসবুকে বন্ধুত্ব থেকে প্রেম ও বিয়ে**

২০১২ সালে বাংলাদেশের গোপালপুর নামে একটি গ্রামের কাজুলির সঙ্গে ফেসবুকে পরিচয় হয় তরুণের। তাদের বন্ধুত্ব প্রেমে পরিণত হয় এবং তারা বিয়ের সিদ্ধান্ত নেন। তরুণ প্যাটেল তাকে পাসপোর্ট তৈরি করে গুজরাতে চলে আসতে বলেন। কিন্তু কাজুলির বাবা-মা তাকে একজন বাংলাদেশি পুরুষের সাথে বিয়ে দেওয়ার জন্য চাপ সৃষ্টি করেন। কাজুলি পাসপোর্ট তৈরির জন্য একজন দালালকে ১২-১৩ হাজার টাকা দিলেও, শেষ পর্যন্ত প্রতারণার শিকার হন। পারিবারিক চাপের মুখে তিনি বাংলাদেশ থেকে পালিয়ে কলকাতায় পৌঁছান এবং সেখান থেকে গুজরাতের আনন্দে চলে আসেন। এরপর তারা মালা বদল করে বিয়ে করেন। কাজুলি নিজের নাম পরিবর্তন করে 'কাজল' রাখেন। প্রয়োজনীয় নথিপত্রের অভাবে তাদের বিয়েটি আইনতভাবে নথিভুক্ত হয়নি জানিয়ে তরুণ বলেন, ”আমরা কখনই ভাবিনি যে, বিষয়টি পরে সমস্যার কারণ হয়ে দাঁড়াবে। সেই পরিস্থিতিতে তার পক্ষে প্রয়োজনীয় কাগজপত্র সঙ্গে আনা সম্ভব ছিল না।„ মুসলিম ধর্মাবলম্বী কাজল বিয়ের পর হিন্দু ধর্ম গ্রহণ করেন বলেও জানান তরুণ। তার আশঙ্কা, কাজলকে যদি নিজ দেশে ফেরত পাঠানো হয়, তবে তার বাবা-মা তাকে আর মেনে নেবেন না।

**শোকাচ্ছন্ন পরিবার**

কাজল গ্রেফতার হওয়ার পর থেকে তরুণ ও তার পরিবার মানসিকভাবে বিপর্যস্ত। কাজল বর্তমানে আনন্দের একটি নারী সুরক্ষা কেন্দ্রে রয়েছেন। তরুণ বলেন, ”আমার সন্তানরা প্রতিদিন কান্নাকাটি করছে, জানতে চাইছে তাদের মা কবে ফিরবে। আমার কাছে এর কোনো উত্তর নেই। তাকে যদি বাংলাদেশে ফেরত পাঠানো হয়, তবে আমাদের পরিবার পুরোপুরি ভেঙে পড়বে।„ কাজলের শাশুড়ি ইন্দুবেন বলেন, ”কাজল চলে যাওয়ার পর থেকে আমাদের পরিবারের কেউই ঠিকমতো খাওয়া দাওয়া করছে না। বাচ্চারা সারাক্ষণ কাঁদছে। কাজল আমার কাছে কেবল পুত্রবধূই ছিল না, ছিল আমার নিজের মেয়ের মতো।„ ”যা ঘটেছে, তা ঠিক হয়নি... আমি শুধু প্রার্থনা করি, কাজল যেন বাড়ি ফিরে আসে।„ কাজলকে রাখা হয়েছে 'জাগ্রুতি মহিলা সংগঠন' নামে একটি হোমে। বিবিসি গুজরাতিকে 'জাগ্রিত মহিলা সংগঠনের সভানেত্রী আশা দালাল বলেন, ”কাজল সবসময় মানসিক চাপের মধ্যে থাকেন এবং প্রায়ই কান্নাকাটি করেন। তিনি সব সময় তার পরিবারের কথা, বিশেষ করে তার দুই ছেলের কথা মনে করছেন। তার একমাত্র ভয়, যদি তাকে বাংলাদেশে ফেরত পাঠানো হয়, তবে তিনি আর কখনই ভারতে ফিরে আসতে পারবেন না।„ ”কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে আমরা মাঝেমধ্যে তাকে দূর থেকে তার সন্তানদের দেখার সুযোগ করে দেই। এতে তিনি কিছুটা স্বস্তি পান। তবে তিনি সারাক্ষণ মন খারাপ করে থাকেন। আমরা তাকে সান্ত্বনা দেওয়ার ও শান্ত রাখার চেষ্টা করছি। বর্তমানে আমরা কাজলের দেখাশোনা করছি। সরকার ও আদালতের নির্দেশনা অনুযায়ী পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে।„

**আইনি লড়াইয়ে তরুণ প্যাটেল**

বর্তমানে তরুণের একমাত্র লক্ষ্য, যে-কোনো মূল্যে কাজলকে বাংলাদেশে ফেরত পাঠানো থেকে আটকানো। এ জন্য তিনি সব পর্যায়েই বিষয়টি তুলে ধরছেন এবং এমনকি হাইকোর্টের দ্বারস্থও হয়েছেন। তার আইনজীবী জয়নব সাইয়েদ বিবিসি নিউজ গুজরাতিকে বলেন, ”আমরা আদালতে গিয়ে চেষ্টা করব আইনের মারফত কাজল যাতে ভারতের নাগরিকত্ব পেতে পারেন। সংবিধানের ২১ নম্বর অনুচ্ছেদে জীবন ও ব্যক্তিগত স্বাধীনতার অধিকারের কথা বলা হয়েছে। এই অধিকার কেবল ভারতীয় নাগরিকদের জন্যই নয়, বরং ভারতে বসবাসকারী যে কারোর ক্ষেত্রেই প্রযোজ্য। তাই আমরা এই বিষয়গুলোই তুলে ধরব।„ জয়নব সাইয়েদ আরও ব্যাখ্যা করেন, ”কেউ যদি কোনো ভারতীয়কে বিয়ে

করেন এবং বেশ কয়েক বছর তার পরিবারের সঙ্গে বসবাস করেন, তবে পরিস্থিতি ও প্রমাণ বিবেচনা করে তিনি নাগরিকত্ব পাওয়ার যোগ্য হয়ে ওঠেন। আমাদের প্রচেষ্টা থাকবে, যাতে কাজলকে বাংলাদেশে ফেরত পাঠানো না হয় এবং তিনি ভারতের নাগরিকত্ব পান।„ তরুণ প্যাটেল আনন্দ এলাকার সংসদ সদস্য মিতেশ প্যাটেলের কাছেও আবেদন জানিয়েছেন। বিবিসি গুজরাতিকে মি. প্যাটেল বলেন, ”আমি দিল্লি গিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের কাছে এই বিষয়টি তুলে ধরব।„

**অপারেশন ডেল্টা হান্ট**

গুজরাতের পুলিশ রাজ্যের অভ্যন্তরীণ নিরাপত্তা ও শান্তি বজায় রাখার লক্ষ্যে 'অপারেশন ডেল্টা হান্ট' নামে অভিযান শুরু করে। ২০২৬ সালের জুন মাসের প্রথম সপ্তাহে ৩৬২ জন কথিত 'বাংলাদেশি অনুপ্রবেশকারীকে' আটক করা হয়, যাদের মধ্যে ১০৩ জন পুরুষ, ১৮৮ জন নারী এবং ৭১ জন শিশু ছিল। এ ছাড়াও ৭৮২ জনেরও বেশি 'সন্দেহভাজন বাংলাদেশি' নাগরিককে জিজ্ঞাসাবাদ করা হয়। গুজরাত সরকারের এক বিজ্ঞপ্তি অনুযায়ী, প্রযুক্তি ও গোয়েন্দা তথ্যের সাহায্যে পুলিশি দলগুলো স্থানীয় দালালদের বিরুদ্ধেও তদন্ত শুরু করে, যারা এই ব্যক্তিদের ভুয়া নথিপত্র সরবরাহ করেছিল। এর আগেও গুজরাতে কথিত বাংলাদেশি অনুপ্রবেশকারীদের আটক করা হয়েছিল। এমনকি আহমেদাবাদের চান্দোলা হ্রদ এলাকায় পুলিশ একটি বিশাল উচ্ছেদ অভিযানও চালিয়েছিল।

(বিবিসি ওয়েব পেজ : ২৮.০৬.২০২৬ নারগীস)

## জামায়াতকে নিষিদ্ধ করে সরকার কি একদলীয় শাসন কায়েম করতে চায়? জামায়াত নেতার প্রশ্ন

জামায়াতে ইসলামীকে নিষিদ্ধ করে সরকার একদলীয় শাসন কায়েম করতে চায়, নাকি আওয়ামী লীগকে পুনর্বাসন করতে চায়- এমন প্রশ্ন তুলেছেন দলটির নায়েবে আমির ও রংপুর-২ আসনের সংসদ সদস্য এ টি এম আজহারুল ইসলাম। রোববার ত্রয়োদশ জাতীয় সংসদের বাজেট অধিবেশনে এমন প্রশ্ন তোলেন তিনি। জামায়াতে ইসলামীকে নিষিদ্ধ করলে শূন্যস্থান কে পূরণ করবে প্রশ্ন করেন তিনি। তিনি বলেন, ”আপনারা জামায়াতকে নিষিদ্ধের কথা বলেছেন। আমি শুধু একটা কথা বলতে চাই, ধরলাম আমরা নিষিদ্ধ হয়ে গেলাম। এই শূন্যস্থানটা পূরণ করবে কে? আপনারা কি একাই দেশ চালাবেন? আপনারা কী একদলীয় শাসন কায়েম করাবেন? যদি না করেন, এটা কে পূরণ করবে?„ একইসঙ্গে সরকার আওয়ামী লীগকে ফেরাতে চায় মনে হচ্ছে বলেও উল্লেখ করেন তিনি। ”আপনারা কী আওয়ামী লীগকে পুনর্বাসন করতে চাচ্ছেন? আমি তো মনে করি, আওয়ামী লীগকে পুনর্বাসন করতে চাচ্ছেন। কারণ চার মাসেও একটা লোক খুঁজে পেলেন না যে, প্রেসিডেন্ট কে হবে? ফ্যাসিস্ট সরকারের লোককেই আপনাদের পছন্দ হয়। তাকেই রাখার চেষ্টা করতেছেন।„ জামায়াতের এই নেতা সংসদে বলেন, ফ্যাসিস্টদের নির্মূল করতে হলে তাদের সব চিহ্ন মুছে ফেলতে হবে। ”এত বড়ো বিএনপির দল তাকে এত পছন্দ হয় কেন? কোনো কি ইঙ্গিত পেয়েছেন যে, তাকে রাখতে হবে? আমরা জানি না, জনগণের কাছে আপনারা খোলাসা করুন এবং ফ্যাসিস্টদের যদি নির্মূল করতে চায়, তো ফ্যাসিস্টদের সবকিছুই চিহ্ন তার মুছে ফেলুন,„ বলেন মি. ইসলাম। জাতীয় সংসদের বাজেট অধিবেশনের বক্তব্যের শুরুতে জামায়াত ইসলামীর এই নেতা তার দলের পাঁচ শীর্ষ নেতার কথা স্মরণ করে বিচার দাবি করেছেন। একাত্তরের মানবতাবিরোধী অপরাধের মামলায় জামায়াতে ইসলামীর নেতা মতিউর রহমান নিজামী, আলী হাসান মোহাম্মদ মুজাহিদ, কামারুজ্জামান, আব্দুল কাদের মোল্লা, মীর কাশেম আলীর মৃত্যুদণ্ড কার্যকর হয়েছে। জুডিসিয়াল কিলিং-এর মাধ্যমে তাদের হত্যা করা হয়েছে বলে দাবি করেন জামায়াতের এই নেতা। একইসঙ্গে যারা জড়িত, তাদের সকলকে আইনের আওতায় আনার দাবি জানিয়েছেন মি. ইসলাম। উল্লেখ্য, একাত্তরের মানবতাবিরোধী অপরাধের মামলায় জামায়াতে ইসলামীর এই নেতার মৃত্যুদণ্ড হয়েছিল আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের রায়ে। যে রায় আপিল বিভাগও বহাল রেখেছিল। তবে, জুলাই গণ-অভ্যুত্থানের পরে আপিল বিভাগ বা সর্বোচ্চ আদালতে তার করা রিভিউ আবেদনের শুনানিতে খালাস পান তিনি। (বিবিসি ওয়েব পেজ : ২৮.০৬.২০২৬ আলী আহমেদ)

## ঢাবি হলের মাঠে বিশ্বকাপ খেলা দেখতে গিয়ে হেনস্তা হওয়ার অভিযোগ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ড. মুহাম্মদ শহীদুল্লাহ হলের মাঠে ফুটবল বিশ্বকাপের খেলা দেখতে গিয়ে কয়েকজন সাবেক শিক্ষার্থী হেনস্তার শিকার হয়েছেন বলে অভিযোগ উঠেছে। ভুক্তভোগীদের মধ্যে নারী শিক্ষার্থীও ছিল। শুক্রবার রাতে হলের মাঠে খেলা দেখতে যাওয়া সাবেক ছয় শিক্ষার্থীকে হেনস্তা করে হল থেকে বের করে দেওয়ার অভিযোগ ওঠে। নরওয়ে-ফ্রান্সের ম্যাচ দেখতে তারা হলে যান। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ইসরাফিল রতন বিবিসি বাংলাকে জানিয়েছেন, এ সংক্রান্ত লিখিত অভিযোগ পেয়েছেন তিনি। একইসঙ্গে, ঘটনা তদন্তে এক সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়েছে। অধ্যাপক রতন জানিয়েছেন, যারা ভুক্তভোগী, তাদের পক্ষ থেকে অভিযোগ করা হয়নি। ”সংক্ষুব্ধ যার হওয়ার কথা, তারা আবেদন করেনি। তাদের বন্ধুরা অথবা অপরাপর সংগঠনগুলো আবেদন করেছে। আবার যার বিরুদ্ধে অভিযোগ, তারাও আবেদন করেছে। আমরা খতিয়ে দেখছি আসলে ঘটনাটি কী?„ অধ্যাপক রতন বলেন, হলের ভেতরের ঘটনার জন্য প্রভোস্টের কাছে আবেদন করার কথা থাকলেও, তারা সেখানে না করে সরাসরি প্রক্টর কার্যালয়ে আবেদন করেছে। ”যারা রাজনৈতিক সচেতন, তারা কোন কোন পক্ষ থেকে মূলত আসছে, শিবির বাদে সব

আদর্শের মিশ্রণ ভুক্তভোগীদের পক্ষে যারা যারা অভিযোগ করেছে,„ বলেন প্রক্টর। একইসঙ্গে যার বিরুদ্ধে হেনস্তার অভিযোগ, সেই ব্যক্তি নিজেও বিচার চেয়ে লিখিত অভিযোগ করেছেন প্রক্টর কার্যালয়ে। ”উনি এটা অসত্য ঘটনা উল্লেখ করে সঠিক বিচার চেয়েছেন। তার নামে যে কমপ্লেইনটা করা হয়েছে, সেটা অসত্য এটা বলেছে,„ বলেন প্রক্টর অধ্যাপক রতন। উল্লেখ্য, হেনস্তার অভিযোগকারীরা লিখিত আবেদনে জানিয়েছেন, হল রেজিস্ট্রারে নাম লিখে বৈধভাবে প্রবেশ করার পরেও হলের কয়েকজন শিক্ষার্থী তাদের মাঠ ছেড়ে যেতে বলেন। তাদের সাথে থাকা একজন সাবেক নারী শিক্ষার্থীকে নিয়ে আপত্তিকর মন্তব্য করেন।(বিবিসি ওয়েব পেজ : ২৮.০৬.২০২৬ নারগীস)

## টাঙ্গাইল, রাজশাহী, পাবনা, সিরাজগঞ্জ, যশোরসহ আট জেলায় মৃদু তাপপ্রবাহ অব্যাহত থাকতে পারে

টাঙ্গাইল, রাজশাহী, পাবনা, সিরাজগঞ্জ, নীলফামারী, যশোর, চুয়াডাঙ্গা এবং কুষ্টিয়া এই আটটি জেলার ওপর দিয়ে মৃদু তাপপ্রবাহ বয়ে যাচ্ছে। এই তাপপ্রবাহ অব্যাহত থাকতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। রোববার আবহাওয়া অধিদপ্তর এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে। এতে বলা হয়েছে, লঘুচাপের বর্ধিতাংশ গাঙ্গেয় পশ্চিমবঙ্গ থেকে উত্তরপশ্চিম বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমী বায়ু বাংলাদেশের ওপর মোটামুটি সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরের অন্যত্র দুর্বল থেকে মাঝারি অবস্থায় রয়েছে। আবহাওয়া অধিদপ্তর জানিয়েছে, রোববার থেকে বৃহস্পতিবার পর্যন্ত রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং খুলনা বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়া ও বিদ্যুত চমকানোসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে বলেও পূর্বাভাস দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। আগামী পাঁচদিন ওই সাত বিভাগে এমন আবহাওয়া বিরাজমান থাকতে পারে বলে জানিয়েছে অধিদপ্তর। (বিবিসি ওয়েব পেজ : ২৮.০৬.২০২৬ নারগীস)

## ৪৭তম বিসিএস এর চূড়ান্ত ফলাফল প্রকাশ

৪৭তম বিসিএস পরীক্ষার চূড়ান্ত ফলাফল প্রকাশ করেছে সরকারি কর্ম কমিশন। চাকরিতে নিয়োগের জন্য মনোনয়ন পেয়েছেন মোট ১,৫২১ জন। রোববার বিকেলে এই ফল প্রকাশ করে পিএসসি। এক প্রেস বিজ্ঞপ্তিতে পিএসসি জানিয়েছে, ১,৩২০ জনকে বিভিন্ন ক্যাডারে এবং নবম, দশম ও ১২তম গ্রেডভুক্ত নন-ক্যাডার পদে ২০১ জন প্রার্থীকে নিয়োগের জন্য মনোনয়ন দেওয়া হয়েছে। এই বিসিএসে প্রথমবারের মতো আবেদনের বয়সসীমা ৩২ বছর নির্ধারণ করা হয়। পরে ওই বছরের ২৯ ডিসেম্বর থেকে শুরু হয় বিসিএসের আবেদন। ২০২৫ সালের ২৭ ফেব্রুয়ারি পর্যন্ত আবেদন চলে। এই বিসিএস পরীক্ষা থেকে আবেদন ফি ও মৌখিক পরীক্ষার (ভাইভা) নম্বর কমানো হয়। এ বিসিএসে মৌখিক পরীক্ষার নম্বর ২০০ থেকে কমিয়ে ১০০ করা হয়। ফলে মোট নম্বর ১১০০ থেকে পরিবর্তন করে ১০০০ করা হয়। ২০২৪ সালের ২৮ নভেম্বর ৪৭তম বিসিএসের বিজ্ঞপ্তি প্রকাশ করেছিল পিএসসি।

(বিবিসি ওয়েব পেজ : ২৮.০৬.২০২৬ নারগীস)

## ভেনেজুয়েলায় দুই দফার ভূমিকম্পে অন্তত ১৪৩০ জনের মৃত্যু, বহু মানুষ এখনো নিখোঁজ

ভেনেজুয়েলায় দুই দফার ভূমিকম্পে অন্তত ১৪৩০ জনের মৃত্যু হয়েছে বলে নিশ্চিত করেছে সেদেশের কর্তৃপক্ষ। এখনো বহু মানুষ ধ্বংসস্তুপের মধ্যে আটকে রয়েছে বলে আশঙ্কা করা হচ্ছে। গত বুধবার দেশটিতে ৭.২ ও ৭.৫ মাত্রার দুই দফা ভূমিকম্প হয়। সেই ভূমিকম্পে দেশটির অসংখ্য ভবন ধসে পড়ে। এরপর থেকেই ঘণ্টায় ঘণ্টায় মৃত্যুর সংখ্যা বাড়তে শুরু করে। জাতিসংঘের হিসাবে, এখনো দেশটিতে ৫০ হাজার মানুষ নিখোঁজ রয়েছে। অনেক মানুষ এখন ধ্বংসস্তুপের মাঝে তাদের স্বজনদের খুঁজছেন। ভেনেজুয়েলার উদ্ধার কর্মীদের পাশাপাশি মেক্সিকো, স্পেন, যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্য থেকে কর্মীরা উদ্ধার কাজে যোগ দিয়েছেন। বিবিসির সংবাদাতারা জানাচ্ছেন, রাজধানী কারাকাস থেকে শুরু করে অন্যসব শহরেও যেখানে চোখ যায়, সেখানেই ধ্বংসের ছাপ দেখা যাচ্ছে।

(বিবিসি ওয়েব পেজ : ২৮.০৬.২০২৬ নারগীস)

# রেডিও তেহরান

## সব বাধা পেরিয়ে এই বছরেই দেশে ফিরব : এনডিটিভি-কে শেখ হাসিনা

ভারতে আশ্রিত বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা জানিয়েছেন, ”প্রতিটি বাধা এবং ষড়যন্ত্রকে অতিক্রম করে আমি এই বছরেই আমার দেশে ফিরব।„ আজ (রোববার) ভারতীয় সংবাদমাধ্যম `এনডিটিভি,-তে প্রকাশিত এক বিশেষ ই-মেইল সাক্ষাৎকারে বাংলাদেশের পাঁচবারের প্রাক্তন প্রধানমন্ত্রী বলেন, ”ব্যক্তিগত কোনো আশা-আকাঙ্ক্ষা বা উচ্চাকাঙ্ক্ষা থেকে আমি ফিরছি না। প্রশ্নটা এখন বাংলাদেশের মানুষের রাজনৈতিক অধিকার, গণতন্ত্র পুনরুদ্ধার, আইনের শাসন প্রতিষ্ঠা এবং মুক্তিযুদ্ধের আদর্শকে বাঁচিয়ে রাখার।„ ২০২৪ সালের আগস্ট মাসে বাংলাদেশে ছাত্র-জনতার তীব্র আন্দোলনের মুখে শেখ হাসিনার সরকারের পতন ঘটে। ওই বছরের ৫ আগস্ট তিনি বোন শেখ রেহানাকে সঙ্গে নিয়ে ভারতে চলে যান এবং তারপর থেকে সেখানেই আশ্রিত আছেন। প্রায় দুইবছর পর দেশে ফেরার কারণ ব্যাখ্যা করে হাসিনা বলেন, বর্তমানে ভারতে অবস্থান করলেও তার মন সবসময় বাংলাদেশেই পড়ে থাকে এবং

দেশের মানুষ, দলীয় নেতাকর্মী ও রাজনৈতিক পরিস্থিতি তিনি নিয়মিত পর্যবেক্ষণ করছেন বলে জানান। বর্তমানে বাংলাদেশে শেখ হাসিনার বিরুদ্ধে বেশ কয়েকটি মামলা চলছে, যার একটিতে তাকে মৃত্যুদণ্ডও দেওয়া হয়েছে। এই পরিস্থিতিতে দেশে ফেরা কতটা নিরাপদ- এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, ”আমি মৃত্যুকে ভয় পাই না। ১৯৭৫ সালে আমি আমার বাবা, ভাইসহ প্রায় পুরো পরিবারকে হারিয়েছি। শত চক্রান্তের পরও আমি সবসময় বাংলাদেশের মানুষের পাশে থেকেছি।„ মৃত্যুদণ্ডের রায়কে রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত দাবি করে তিনি বলেন, ”এটি কোনো বিচার নয়; বরং আওয়ামী লীগকে নেতৃত্বহীন করার জন্য বিচারব্যবস্থাকে রাজনৈতিক প্রতিহিংসার অস্ত্র হিসেবে ব্যবহার করা হচ্ছে।„
শীর্ষ নেতাদের অনুপস্থিতি এবং নানা বিধি-নিষেধের মধ্যেও আওয়ামী লীগ জনসমর্থন ফিরে পাচ্ছে বলে দাবি করেন হাসিনা। তিনি বলেন, ”আওয়ামী লীগ কোনো কাগুজে সংগঠন নয়, এই দল বাংলার মাটি, মানুষ ও ইতিহাসের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। এই দলকে বহুবার আঘাত করা হয়েছে, নিষিদ্ধ করা হয়েছে। কিন্তু প্রতিবারই জনগণের শক্তিতে আওয়ামী লীগ ঘুরে দাঁড়িয়েছে।„ বিএনপির সঙ্গে কোনো গোপন সমঝোতা বা আলোচনার গুঞ্জন উড়িয়ে দিয়ে তিনি স্পষ্ট জানান, আওয়ামী লীগ কারও রাজনৈতিক অনুগ্রহ বা সরকারের দয়ার ওপর নির্ভর করে না। একই সাথে তিনি আওয়ামী লীগের ওপর থেকে নিষেধাজ্ঞা তুলে নেওয়া, রাজনৈতিক মামলা প্রত্যাহার এবং স্বাধীনভাবে রাজনীতি করার সুযোগ নিশ্চিত করার আহ্বান জানান। সাক্ষাৎকারে বাংলাদেশের বর্তমান অন্তর্বর্তীকালীন সরকার ও রাজনৈতিক পরিস্থিতির তীব্র সমালোচনা করে শেখ হাসিনা বলেন, দেশে বর্তমানে গণতন্ত্র, আইনের শাসন ও নিরাপত্তার বড়ো সংকট তৈরি হয়েছে, অর্থনীতি দুর্বল হচ্ছে এবং উগ্রবাদ বাড়ছে। বিশেষ করে সংখ্যালঘু সম্প্রদায়ের নিরাপত্তা নিয়ে উদ্বেগ প্রকাশ করে তিনি বলেন, হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টান ও আদিবাসীদের ওপর হামলার ঘটনা অত্যন্ত উদ্বেগজনক। তার অভিযোগ, মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকারের মতোই বিএনপি-ও সংখ্যালঘুদের ওপর অত্যাচারের বিষয়টি অস্বীকার করছে।(রেডিও তেহরান ওয়েব পেজ : ২৮.০৬.২০২৬ নারগীস)

## দক্ষিণ এশিয়ার ভূ-রাজনীতিতে নতুন সমীকরণ তৈরি করেছে বাংলাদেশের রাজনৈতিক পটপরিবর্তন

বাংলাদেশের সাম্প্রতিক রাজনৈতিক পটপরিবর্তনের পর দক্ষিণ এশিয়ার ভূ -রাজনীতিতে নতুন সমীকরণ তৈরি হয়েছে বলে মনে করছেন বিভিন্ন রাজনৈতিক পর্যবেক্ষক ও বিশ্লেষক। তাদের মতে, ঢাকার সম্ভাব্য নতুন কৌশলগত অবস্থান, চীনের সঙ্গে সম্পর্কের সম্প্রসারণ এবং আঞ্চলিক শক্তিগুলোর ক্রমবর্ধমান প্রতিযোগিতা বাংলাদেশের অভ্যন্তরীণ রাজনৈতিক বাস্তবতার উপর প্রভাব ফেলতে শুরু করেছে। বিশেষ করে , প্রধানমন্ত্রী তারেক রহমানের সম্ভাব্য চীন সফরকে ঘিরে দেশের ভেতরে বিভিন্ন ধর্মীয় ও রাজনৈতিক ইস্যুর আকস্মিক উত্থানকে বৃহত্তর ভূ -রাজনৈতিক প্রেক্ষাপটের অংশ হিসেবে দেখছেন বিশ্লেষকদের একটি অংশ। বাংলাদেশের নয়া রাজনৈতিক পথচলা নিয়ে ওয়াহিদ ফারুকীর প্রতিবেদন :

বিশ্লেষকদের মতে, বর্তমান পরিস্থিতির সঙ্গে ২০০৪-২০০৫ সালের রাজনৈতিক বাস্তবতার কিছু সাদৃশ্য রয়েছে। সেই সময় যেমন আঞ্চলিক নিরাপত্তা , জঙ্গিবাদ, আন্তর্জাতিক শক্তিগুলোর প্রতিদ্বন্দ্বিতা এবং অভ্যন্তরীণ বিভাজন একসঙ্গে কাজ করেছিল, তেমনি বর্তমান সময়েও বাং লাদেশকে ঘিরে নতুন কৌশলগত হিসাব -নিকাশ শুরু হয়ে গেছে। বিশ্লেষকদের দাবি, দক্ষিণ এশিয়ার শক্তির ভারসাম্যে বাংলাদেশ এখন এমন এক অবস্থানে রয়েছে , যেখানে ঢাকার প্রতিটি বড়ো কূটনৈতিক সিদ্ধান্ত, প্রতিবেশী দেশগুলো নিরাপত্তা ও রাজনৈতিক হিসাবের উপর সরাসরি প্রভাব ফেলছে। পর্যবেক্ষকদের মতে, প্রধানমন্ত্রীর সম্ভাব্য চীন সফরকে শুধুমাত্র একটি দ্বিপাক্ষিক সফর হিসেবে দেখলে হবে না। বরং এটিকে বৃহত্তর ভূ-রাজনৈতিক বাস্তবতার অংশ হিসেবেই বিবেচনা করা হচ্ছে। কারণ দীর্ঘদিন ধরে ভারত বাংলাদেশকে তার নিরাপত্তা বলয়ের একটি গুরুত্বপূর্ণ অংশ হিসেবে বিবেচনা করে এসেছে। অন্যদিকে চীন অর্থ নৈতিক বিনিয়োগ, অবকাঠামো উন্নয়ন, সমুদ্রবন্দর, জ্বালানি এবং যোগাযোগ ব্যবস্থার মাধ্যমে দক্ষিণ এশিয়ায় তার প্রভাব আরো বাড়ানোর চেষ্টা করছে। ফলে ঢাকার সঙ্গে বেইজিংয়ের সম্পর্ক আরো গভীর হলে তা নয়া দিল্লির কৌশলগত স্বার্থের সঙ্গে সাংঘর্ষিক হতে পারে বলে ধারণা করছে ন বিশ্লেষকদের একটি অংশ। তাদের মতে , বাংলাদেশের ভেতরে উগ্র হিন্দুত্ববাদ এবং উগ্র তাকফিরি বা খারিজি মতবা দের উত্থানকে বিচ্ছিন্নভাবে দেখার সুযোগ নেই। এক ধরনের উগ্রবাদ অন্য ধরনের উগ্রবাদের জন্য ক্ষেত্র তৈরি করে এবং এই পারস্পরিক মে রুকরণ বৃহত্তর রাজনৈতিক উদ্দেশ্য বাস্তবায়নের ক্ষেত্রও প্রস্তুত করতে পারে বলেও মনে করেন তারা। যদিও এসব অভিযোগের পক্ষে প্রকাশ্য কোনো প্রমাণ নেই। তবে রাজনৈতিক বিশ্লেষণের ক্ষেত্রে এ ধরনের আশঙ্কা নিয়ে আলোচনা রয়েছে। বিশ্লেষকদের মতে , সাম্প্রতিক বছরগুলোতে ভারত-বাংলাদেশ সীমান্ত সংলগ্ন এলাকায় সামরিক ও অবকাঠামোগত সক্ষমতা বৃদ্ধি করেছে। নতুন সামরিক ঘাঁটি , উন্নত যোগাযোগ ব্যবস্থা , বিমান ঘাঁটির সম্প্রসারণ এবং সীমান্ত নিরাপত্তার জোরদারের বিষয়গুলোকে ভারত তার নিরাপত্তা নীতির অংশ হিসেবে ব্যাখ্যা করলেও কিছু পর্যবেক্ষক মনে করেন , এর মাধ্যমে সম্ভাব্য ভবিষ্য ৎ সংকট মোকাবিলার প্রস্তুতিও নেওয়া হচ্ছে। তাদের মতে , সরাসরি সামরিক সংঘাতের পথ বেছে নে ওয়ার চেয়ে অভ্যন্তরীণ অস্থিরতাকে ব্যবহার করার কৌশল অনেক বেশি কার্যকর হতে পারে। প্রথমে মতাদর্শিক বিভাজন বাড়ানো , এক ধরনের উগ্রবাদী গোষ্ঠীকে আরেক ধরনের গোষ্ঠীর মুখোমুখি দাঁ ড় করানো, পরে শ্রেষ্ঠ উত্তেজনাকে নিরাপত্তা সংকট

হিসেবে উপস্থাপন করা এবং শেষ পর্যন্ত পরিস্থিতিকে কাজে লাগিয়ে কৌশলগত সুবিধা অর্জনের চেষ্টা আন্তর্জাতিক রাজনীতিতে এমন উদাহরণ নতুন নয় বলে উল্লেখ করেন তারা।

এদিকে, উত্তরাঞ্চলের রাম মন্দির নির্মাণ নিয়ে সাম্প্রতিক বিতর্ককেও একই প্রেক্ষাপটে দেখছেন রাজনৈতিক বিশ্লেষকদের একটি অংশ। তারা মনে করেন, বাংলাদেশের হিন্দু সম্প্রদায় ঐতিহাসিকভাবে স্থানীয় সংস্কৃতি, লোকায়ত ঐতিহ্য এবং বহুত্ববাদী চেতনার সঙ্গে সম্পৃক্ত। শত শত বছর ধরে এ দেশের হিন্দু সমাজে ভারতীয় রাজনীতিতে প্রচলিত রামকেন্দ্রিক হিন্দুত্ববাদী রাজনীতিক চেতনা তেমন প্রভাব প্রভাব বিস্তার করতে পারেনি। ফলে সাম্প্রতিক সময়ে রাম মন্দির নির্মাণ এবং রাম নির্ভর রাজনৈতিক বক্তব্যের উত্থানকে অনেকে একটি নতুন প্রবণতা হিসেবে দেখছেন। বিশ্লেষকরা মনে করেন, ভারতে বিজেপি ও আরএসএসের উত্থানের পর যে ধরনের হিন্দুত্ববাদী রাজনীতি দেশটিতে প্রভাব বিস্তার করেছে, তার প্রতিফলন প্রতিবেশী দেশগুলোতেও দেখা যেতে পারে। তাদের মতে, ভারতের অভ্যন্তরে সাম্প্রদায়িক মেরুকরণ এবং মুসলমানদের সামাজিক ও রাজনৈতিকভাবে নিপীড়ন যেভাবে বৃদ্ধি পেয়েছে, সেই ধরনের রাজনীতি বাংলাদেশে প্রবেশ করলে, তা দীর্ঘদিনের সাম্প্রদায়িক সম্প্রীতির জন্য ঝুঁকির কারণ হয়ে উঠতে পারে। প্রতিরক্ষা ও রাজনৈতিক বিশ্লেষকরা মনে করেন ইসকন, রাম মন্দির নির্মাণ এবং ধর্মীয় পরিচয়ভিত্তিক বিভিন্ন ইস্যুকে কেন্দ্র করে দেশে নতুন ধরনের মেরু করণের পরিবেশ তৈরির চেষ্টা চলছে। তাদের মতে, এসব ইস্যুকে সামনে এনে সামাজিক উত্তেজনা সৃষ্টি এবং রাজনৈতিক চাপ বৃদ্ধির মাধ্যমে বৃহত্তর কৌশলগত উদ্দেশ্য বাস্তবায়নের চেষ্টা হতে পারে। যদিও সংশ্লিষ্ট সংগঠনগুলো এ ধরনের অভিযোগ বরাবরই অস্বীকার করে আসছে। রাজনৈতিক পট পরিবর্তনের পর ভারতের ঐতিহ্যগত প্রভাব বলয়েও পরিবর্তন এসেছে। দীর্ঘদিন ধরে আওয়ামী লীগেকে ভারতের ঘনিষ্ঠ রাজনৈতিক শক্তি হিসেবে দেখা হলেও, নতুন বাস্তবতায় সেই অবস্থান দুর্বল হয়েছে বলে মনে করছেন অনেকে। একইসঙ্গে সিপিবি এবং জাতীয় পার্টির মতো দলগুলোর প্রভাবও আগের তুলনায় কমে গেছে বলে পর্যবেক্ষকদের অভিমত। এই বাস্তবতায় বিভিন্ন প্রান্তিক ও উগ্র গোষ্ঠীর মাধ্যমে সরকারের উপর চাপ সৃষ্টি, রাজনৈতিক অস্থিরতা বৃদ্ধি এবং সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়াকে ধীর করার চেষ্টা হতে পারে। একদিকে অভ্যন্তরীণ বিভাজন, অন্যদিকে সীমান্ত এলাকায় সামরিক প্রস্তুতি এই প্রক্রিয়া সামান্তরালভাবে পরিচালিত হওয়ার আশঙ্কার কথাও উল্লেখ করেছেন রাজনৈতিক বিশ্লেষকরা। পর্যবেক্ষকদের মতে, সীমান্তের দুই পাশে উত্তেজনা সৃষ্টি কিংবা কথিত ফলস ফ্লাগ ঘটনার আশঙ্কা কেও পুরোপুরি উড়িয়ে দেওয়া যায় না, কারণ আন্তর্জাতিক রাজনীতিতে অতীতে বিভিন্ন অঞ্চলে প্রক্সি সংঘাত এবং সীমান্ত সংকটকে ব্যবহার করে বড়ো শক্তিগুলো নিজেদের প্রভাব বাড়ানোর চেষ্টা করেছে। যদিও বাংলাদেশের ক্ষেত্রে এ ধরনের কোনো পরিকল্পনার সুনির্দিষ্ট প্রমাণ এখনো প্রকাশ্যে আসেনি। বিশ্লেষকদের মধ্যে প্রধানমন্ত্রী তারেক রহমানের সম্ভাব্য চীন সফরের আগে বিভিন্ন ধর্মীয় ও রাজনৈতিক ইস্যুর আকস্মিক উত্থানকে কেবল বিচ্ছিন্ন ঘটনা হিসেবে দেখলে পুরো চিত্র বোঝা কঠিন হবে। তাদের দাবি, বাংলাদেশের স্বাধীন পররাষ্ট্রনীতি এবং বহুমাত্রিক সম্পর্ক গড়ে তোলার প্রচেষ্টা আঞ্চলিক শক্তির প্রতিযোগিতাকে নতুন মাত্রা দিয়েছে। ফলে রাজনৈতিক চাপ, সামাজিক মেরুকরণ এবং বিভিন্ন সংবেদনশীল ইস্যুর পুনরুত্থানকে বৃহত্তর ভূ-রাজনৈতিক বাস্তবতার অংশ হিসেবে দেখা হচ্ছে। তবে আন্তর্জাতিক সম্পর্ক বিশেষজ্ঞদের একটি অংশ মনে করেন. ভারতের জন্য একটি অস্থিতিশীল বাংলাদেশ কখনই দীর্ঘমেয়াদে লাভজনক নয়। কারণ সীমান্তে নিরাপত্তা, উত্তর পূর্বাঞ্চলের নিরাপত্তা এবং অর্থনৈতিক যোগাযোগের স্বার্থে একটি স্থিতিশীল এবং কার্যকর বাংলাদেশই নয়াদিল্লির জন্য বেশি গুরুত্বপূর্ণ। তাই সরাসরি সামরিক সংঘাতের চেয়েও কূটনৈতিক ও রাজনৈতিক প্রভাব বিস্তারের পথই বেশি বাস্তবসম্মত বলেই মনে করেন তারা। এই মুহূর্তে বাংলাদেশ কিছু মেজর জিও পলিটিক্যাল গেম-এ ঢুকতে যাচ্ছে, যা সম্পূর্ণ ভারতের স্বার্থবিরোধী।

বাংলাদেশ রাষ্ট্রের সীমানার ভেতরে দিল্লির প্রধান খেলোয়াড় ছিল আওয়ামী লীগ। তারপর ছিল সিপিবি এবং জাতীয় পার্টি। এদের সবার রাজনীতি জুলাইয়ের পর শেষ হয়ে গেছে। কিছু উগ্রবাদী মেন্টালি প্যারালাইজড ফ্রেন্স গ্রুপের উপর ভরসা করা ছাড়া দিল্লির এখন আর কিছু করার নেই। ফলে এদেরকে দিয়ে সরকারের উপর চাপ বাড়িয়ে সময়ক্ষেপণ করা হবে একদিকে, আরেকদিকে চলবে হামলে পড়ার প্রস্তুতি। সামগ্রিকভাবে রাজনৈতিক বিশ্লেষকদের মতে, বাংলাদেশ আগামী সময়ে একটি গুরুত্বপূর্ণ ভূ-রাজনৈতিক পর্যায় অতিক্রম করতে যাচ্ছে। চীন, ভারত, যুক্তরাষ্ট্র এবং অন্যান্য আঞ্চলিক ও বৈশ্বিক শক্তির প্রতিযোগিতার মধ্যে দেশের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হবে অভ্যন্তরীণ রাজনৈতিক ঐক্য, সামাজিক সম্প্রীতি এবং রাষ্ট্রের প্রাতিষ্ঠানিক সক্ষমতা শক্তিশালী করা। কারণ বহিরাগত যে-কোনো চাপ বা কৌশল মোকাবিলায় জাতীয় ঐক্যই হতে পারে সবচেয়ে বড়ো শক্তি। তাদের মতে, স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র হিসেবে বাংলাদেশের ভবিষ্যৎ নির্ভর করবে অভ্যন্তরীণ স্থিতিশীলতা, রাজনৈতিক সমঝোতা এবং সামাজিক সম্প্রীতির উপর। রাজনৈতিক মতপার্থক্য থাকলেও জাতীয় স্বার্থের প্রশ্নে ঐক্যবদ্ধ থাকা এবং সাম্প্রদায়িক বিভাজনের সব ধরনের প্রচেষ্টাকে প্রতিহত করাই আগামী দিনের সবচেয়ে বড়ো চ্যালেঞ্জ বলে মনে করছেন তারা।

(রেডিও তেহরান: ২৮.০৬.২০২৬ রুবাইয়া, এলিনা)

## এনএইচকে

### ইরানের বিভিন্ন লক্ষ্যবস্তুতে আরও হামলা চালানো হয়েছে: সেন্টকম

যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় কমান্ড বা সেন্টকম জানিয়েছে যে , শনিবার তারা ইরানের একাধিক লক্ষ্যবস্তুতে আরও হামলা চালিয়েছে। সেন্টকম জানিয়েছে, মার্কিন সামরিক বিমানগুলো ইরানের যোগাযোগ ব্যবস্থা, ড্রোন সংরক্ষণের স্থাপনা এবং অন্যান্য লক্ষ্যবস্তুতে আঘাত হেনেছে। তাদের ভাষ্যমতে , হরমুজ প্রণালির কাছে বাণিজ্যিক জাহাজের ওপর ইরানের অব্যাহত আগ্রাসনের জবাবেই এই পদক্ষেপ নে ওয়া হয়েছে। সেন্টকমের দাবি, শনিবার মার্কিন পূর্বাঞ্চলীয় সময় ভোর ৪টা ৩০ মিনিটে ইরানের বাহিনী পানামার পতাকাবাহী একটি ট্যা ঙ্কারে ড্রোন হামলা চালায়। তাদের ভাষ্যানুযায়ী , জাহাজটি তখন হরমুজ প্রণালির কাছাকাছি এলাকা দিয়ে যাচ্ছিল। এর আগে , শুক্রবার সেন্টকম জানিয়েছিল যে , সিঙ্গাপুরের পতাকাবাহী একটি কার্গো জাহাজে ইরানের ড্রোন হামলার জবাবে তারা ইরানে পাল্টা আঘাত হেনেছে। সামাজিক যোগাযোগমা ধ্যমে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জোর দিয়ে বলেন , ”যুদ্ধবিরতি চুক্তি আবারও লঙ্ঘন করার„ কারণে যুক্তরাষ্ট্র টানা দ্বিতীয় দিনের মতো ইরানে হামলা চালিয়েছে। তিনি আরও বলেন , ”এমন এক সময় আসতে পারে, যখন আমরা আর যৌক্তিক আচরণ করতে পারব না এবং অত্যন্ত সফলভাবে শু রু করা কাজটি সামরিক উপায়ে সম্পন্ন করতে বাধ্য হবো।„ তিনি এও বলেন যে , ”যদি তেমনটা ঘটে, তবে ইসলামি প্রজাতন্ত্র ইরা নের আর কোনো অস্তিত্বই থাকবে না !„ উল্লেখ্য, চলতি মাসের শুরুর দিকে যুক্তরাষ্ট্র ও ইরান একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করেছিল। ওই নথিতে যুদ্ধবিরতির বিষ য়টি অন্তর্ভুক্ত থাকলেও সেই সমঝোতা ইতোমধ্যেই নড়বড়ে অবস্থায় রয়েছে। এদিকে, ইরানের রাষ্ট্রীয় সংবাদমাধ্যম 'প্রেস টিভি' রবিবার অনলাইনের এক পোস্টে জানায় যে , ইরানের দক্ষিণাঞ্চলীয় একটি বন্দর শহরে বেশ কয়েকটি বিস্ফোরণ ঘটেছে। সংবাদমাধ্যমটি আরও জানায় , হরমুজ প্রণালির কাছে অবস্থিত ইরানের কেশম দ্বীপের একাংশেও বেশ কয়েকটি উড়ন্ত বস্তু আঘাত হেনেছে।

(এনএইচকে ওয়েব পেজ: ২৮.০৬.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### অক্টোবরে স্থানীয় সরকার নির্বাচনের প্রস্তুতি নিচ্ছে ইসি

চলতি বছরের অক্টোবরে বাংলাদেশে স্থানীয় সরকার নির্বাচনের লক্ষ্যে প্রস্তুতি নিচ্ছে নির্বাচন কমিশন (ইসি)। ইসি বলছে, এই নির্বাচনের জন্য ব্যালট বাক্স, প্রিজাইডিং অফিসার, পোলিং অফিসার প্রস্তুত আছে। তবে নির্বাচন আয়োজনে বাজেট কিছুটা কমানো যায় কিনা, তা ভাবা হচ্ছে। স্থানীয় সরকার নির্বাচনের সার্বিক প্রস্তুতি নিয়ে রোববার সভা করে ইসি। চার নির্বাচন কমিশনার ও নির্বাচন কর্মকর্তারা এতে অংশ নেন। নির্বাচন কমিশনার আব্দুর রহমানেল মাছউদ বাংলাদেশি দৈনিক দ্য ডেইলি স্টারকে বলেন, ”সব ব্যাপারে আলোচনা হয়েছে। জানলাম, কীভাবে স্থানীয় সরকার নির্বাচন হয়। যদি আমাদের চার হাজার ৫০০ নির্বাচন আয়োজন করতে হয়, কোনটা আগে করব, কোনটা পরে করব, তা নিয়ে আলোচনা হয়েছে। কোনো সিদ্ধান্ত না হলেও কীভাবে করব, আমাদের জিনিসপত্র প্রস্তুত আছে কি না, আজ অবহিত করা হয়েছে।„ প্রস্তুতি নিয়ে জানতে চাইলে তিনি বলেন, ”নির্বাচন যদি অক্টোবর থেকে হয় বা নভেম্বর-ডিসেম্বর যখন হোক, আমরা অক্টোবর ধরে কাজ আগাচ্ছি। অক্টোবরে হলে এর ৪৫ দিন আগে শিডিউল ঘোষণা করা হবে। আমরা মূলত অক্টোবর ধরেই কাজ এগিয়ে নিয়ে যাচ্ছি।„ ইসি জানায়, এবারের স্থানীয় সরকার নির্বাচনে ভোটকেন্দ্রের সংখ্যা কিছুটা বাড়তে পারে। তবে এ নির্বাচন আয়োজনে কোনো সিদ্ধান্ত রাজনৈতিক দলগুলোর সঙ্গে আলোচনা না করে নেওয়া হবে না বলেও জানিয়েছে ইসি। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৮.০৬.২০২৬ রনি)

### ইরানে আবারও হামলা চালিয়েছে যুক্তরাষ্ট্র

ইরানে শনিবার আবারও হামলা চালিয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র। সোশ্যল মিডিয়াতে এক ভিডিও পোস্ট করে হামলার কথা জানিয়েছে যুক্তরাষ্ট্রের সেন্ট্রাল কমান্ড (সেন্টকম)। সেন্ট্রাল কমান্ড জানায়, ইরানের সামরিক বাহিনীর দশটি নিশানা লক্ষ্য করে এই হামলা চালানো হয়েছে। অবশ্য এর আগে মার্কিন সামরিক বাহিনী জানিয়েছিল যে, সর্বশেষ হামলায় ইরানের নজরদারি স্থাপনা, যোগাযোগ ব্যবস্থা, এয়ার ডিফেন্স সিস্টেম এবং ড্রোন স্টোরেজ ফ্যাসিলিটিতে হামলা চালানো হয়েছে। তার আগে, শুক্রবার ইরানের হরমুজ প্রণালির তীরবর্তী অঞ্চলে এবং ইরানের কেশম দ্বীপে হামলা চালায় মার্কিন যুক্তরাষ্ট্র। হরমুজ প্রণালিতে যুক্তরাষ্ট্রের একটি বাণিজ্যিক জাহাজে আক্রমণের জবাবে ইরানে হামলা চালানো হয়েছে বলে জানিয়েছিল মার্কিন প্রশাসন। ইরানের দাবি, শান্তি চুক্তির অংশ হিসেবে হরমুজ প্রণালি দিয়ে জাহাজ চলাচল নিয়ন্ত্রণের অধিকার তাদের রয়েছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৮.০৬.২০২৬ রনি)

## জাগো নিউজ

### হঠাৎ মহাকাশ গবেষণা প্রতিষ্ঠান স্পারসো পরিদর্শনে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমা ন বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান স্পারসো পরিদর্শন করেছেন। রোববার (২৮ জুন) সকাল ৯টা ১৫ মিনিটে রাজধানীর আগারগাঁওয়ের শের -ই-বাংলা নগরে স্পারসোর কার্যালয়ে

পৌঁছান প্রধানমন্ত্রী। পূর্বনির্ধারিত কর্মসূচির বাইরে আকস্মিক পরিদর্শন করেন প্রধানমন্ত্রী তারেক রহমান। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি -১ জাহিদুল ইসলাম রনি এ তথ্য জানান। তিনি জানান , প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিষ্ঠান স্পারসোর কার্যালয় ঘুরে দেখেন প্রধানমন্ত্রী। তিনি প্রতিষ্ঠানটির প্রতিটি বিভাগ পরিদর্শন করেন এবং কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে তাৎক্ষণিক মতবিনিময় করেন। স্পারসোর চেয়ারম্যান মো . রাশিদুল ইসলাম প্রতিষ্ঠানটির বিভিন্ন কার্যক্রমসহ সার্বিক বিষয়ে প্রধানমন্ত্রীকে অবহিত করেন। এরপর স্পারসোর বিভিন্ন বিভাগের কর্মকর্তারা তাদের উদ্ভাবন, গবেষণা এবং চলমান কার্যক্রম সম্পর্কে প্রধানমন্ত্রীকে বিস্তারিত জানান। প্রধানমন্ত্রী তারেক রহমান স্পারসোকে একটি আধুনিক, যুগোপযোগী, স্বনির্ভর এবং জাতীয় নিরাপত্তা ও উন্নয়নে কার্যকর অবদান রাখতে সক্ষম মহাকাশ গবেষণা প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলতে সংশ্লিষ্টদের নির্দেশ দেন। এ সময় উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এ কে এম শামছুল ইসলাম, প্রতিরক্ষা সচিব মো. আশরাফ উদ্দিন, প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন , প্রধানমন্ত্রীর একান্ত সচিব -২ মো. মেহেদুল ইসলাম, প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব-১ জাহিদুল ইসলাম রনি এবং প্রতি রক্ষা মন্ত্রণালয় ও স্পারসোর ঊর্ধ্বতন কর্মকর্তাগণ।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৬.২০২৬ রিহাব)

**বাংলাদেশ-পাকিস্তানের মধ্যে সামরিক সহযোগিতা বাড়াতে আলোচনা**

প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা বিষয়ক উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এ কে এম শামছুল ইসলামের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন বাংলাদেশে নিযুক্ত পাকিস্তানের হাইকমিশনার ইমরান হায়দার। এসময় তারা দুই দেশের মধ্যে সামরিক সহযোগিতা বাড়ানোর বিষয়ে আলোচনা করেন। রোববার (২৮ জুন) ঢাকা সেনানিবাসে অবস্থিত সশস্ত্র বাহিনী বিভাগে প্রতিরক্ষা উপদেষ্টার কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। এ তে পাকিস্তান হাইকমিশনের তিন সদস্যের প্রতিনিধিদল অংশ নেয়। এক সংবাদ বিজ্ঞপ্তিতে আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) জানায়, বৈঠকে বাংলাদেশ ও পাকিস্তানের বিদ্যমান দ্বিপাক্ষিক সম্পর্ক এবং পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। বিশেষ করে দুই দেশের মধ্যে সামরিক পর্যায়ে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি, অভিজ্ঞতা বিনিময় এবং প্রশিক্ষণ কার্যক্রম বিষয়ে তারা বিস্তারিত আলোচনা করেন। এই সৌজন্য সাক্ষাৎ বাংলাদেশ ও পাকিস্তানের প্রতিরক্ষা বিষয়ক সহযোগিতা এবং দুই দেশের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক ভবিষ্যতে আরও সুদৃঢ় ও সম্প্রসারিত করবে বলে আশা করা হচ্ছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৬.২০২৬ রিহাব)

**ভারী বৃষ্টিতে তিস্তায় বিপৎসীমার ওপর পানি, জলঢাকায় `রেড অ্যালার্ট,**

টানা ভারী বর্ষণের কারণে পশ্চিমবঙ্গের উত্তরভাগের নদীগুলোর পানি হু হু করে বাড়ছে। পাহাড়ি ঢল ও বৃষ্টির পানিতে তিস্তা ও জলঢাকাসহ প্রধান নদীগুলো এখন বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। বিশেষ করে জলঢাকা নদীর পানি ব্যাপক হারে বৃদ্ধি পাওয়ায় নদী অববাহিকার ধূপগুড়ি ব্লকের বাসিন্দাদের মধ্যে তীব্র আতঙ্ক ছড়িয়ে পড়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে জলঢাকা নদীসংলগ্ন এলাকায় `রেড অ্যালার্ট, (লাল সতর্কতা) এবং তিস্তার ঝুঁকিপূর্ণ অঞ্চলে হলুদ সতর্কতা জারি করেছে প্রশাসন। উত্তরবঙ্গের জলপাইগুড়ি, আলিপুরদুয়ার ও কোচবিহার জেলার ওপর দিয়ে বয়ে যাওয়া তোরসা, লীশসহ অন্যান্য পাহাড়ি নদীর পানিও বিপৎসীমার কাছাকাছি চলে এসেছে। আলিপুরদুয়ারের চর তোরসা নদীর পানি বাড়ায় প্লাবিত হয়েছে সংলগ্ন নিচু এলাকা। একইসঙ্গে বানারহাটের হাতিনালার পানির স্রোতও মারাত্মক রূপ নিয়েছে। টানা বৃষ্টির কারণে আলিপুরদুয়ার এবং শিলিগুড়ির মধ্যে সড়ক যোগাযোগ মারাত্মকভাবে বিঘ্নিত হয়েছে। ৩১ নম্বর জাতীয় সড়কের ওপর পানি উপচে পড়ায় বেশ কিছুক্ষণের জন্য যান চলাচ ল সম্পূর্ণ বন্ধ হয়ে যায়। বিশেষ করে জলঢাকা নদীর ওপর থাকা সেতুর ওপর দিয়ে পানি বইতে শুরু করায় সেতুর দুই পাশে সারিবদ্ধভাবে দাঁড়িয়ে পড়ে অসংখ্য যানবাহন। খবর পেয়ে প্রশাসনিক দল দ্রুত ঘটনাস্থলে পৌঁছায়। আটকে থাকা পানি দ্রুত সরিয়ে দিতে জেসিবি (JCB) মেশিন এনে সেতুর নি চে জমে থাকা ময়লা-আবর্জনা পরিষ্কারের কাজ শুরু হয়। দীর্ঘ চেষ্টার পর পানি কিছুটা কমলে ফের যান চলাচল শুরু করা সম্ভব হয়। অবিরাম এই বৃষ্টির কারণে ডুয়ার্সের বেশ কিছু অংশে বড়ো ধরনের বন্যার আশঙ্কা তৈরি হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৬.২০২৬ রিহাব)

**ভিড় কমাতে জেলা হাসপাতাল পূর্ণাঙ্গ করা হবে: স্বাস্থ্য প্রতিমন্ত্রী**

ঢাকার বড়ো বড়ো হাসপাতালগুলোর ওপর চাপ কমাতে এবং বারান্দায় রোগীর উপচেপড়া ভিড় দূর করতে জেলা পর্যায়ের হাসপাতালগুলোকে পূর্ণাঙ্গ সুযোগ-সুবিধাসম্পন্ন করে গড়ে তোলার পরিকল্পনা নিয়েছে সরকার। রোববার (২৮ জুন) সংসদে ২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেটের ওপর সাধারণ আলোচনায় অংশ নিয়ে এ কথা জানান স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী ড . এম এ মুহিত। স্বাস্থ্য প্রতিমন্ত্রী বলেন , সবাই বলেন, দেশের মেডিকেল কলেজ হাসপাতাল, সদর হাসপাতাল কিংবা বড়ো বড়ো হাসপাতালগুলো ঢাকায়। ৫০০ রোগীর হাস পাতালে ২ হাজার রোগীকে চিকিৎসা দিতে হয় , রোগীরা বারান্দায় থাকে। ঢাকার বড়ো হাসপাতালের এই ভিড়ের সমাধান ঢাকার ওই হাসপাতালে পাবেন না। এই সমস্যার সমাধান হবে , যদি আমরা জেলা হাসপাতালগুলোকে পূর্ণাঙ্গ সব সুবিধা দিয়ে তৈরি করতে পারি। মানুষ তাহলে জেলার ভেতরেই তার কাঙ্ক্ষি ত চিকিৎসা পাবে। আমরা সেই ধরনের পরিকল্পনাই

করছি। বিরোধীদের সংখ্যার দিকে না তাকিয়ে বাজেটের ভেতরের মানবিক দিকটি দেখার আহ্বান জানিয়ে প্রতিমন্ত্রী বলেন, এই বাজেটটি কার জন্য? আপনার যে ভাইটি মৃত্যুর মুখোমুখি দাঁড়িয়ে হার্ট অপারেশনের অপেক্ষায় আছে , এই বাজেট তার প্রা ণ রক্ষার বাজেট। যে পাঁচ লাখের বেশি প্রবীণ মানুষ ছানি রোগের কারণে অন্ধত্ব বরণ করে আছেন , এটি তাদের সাশ্রয়ী মূল্যে দৃষ্টি ফিরে পাওয়ার বাজেট। এটি ঢাকার হাসপাতালের বারান্দায় ঘুমানো ক্যানসার রোগীর জীবন ও জমি রক্ষার বাজেট। বাজেটকে কেবল অর্থ ও সংখ্যার খেলা মনে ক রেন না উল্লেখ করে প্রতিমন্ত্রী বলেন , বিগত ১৫ বছরের দুঃশাসনে আমাদের অর্থনীতি , স্বাস্থ্য ও শিক্ষা ব্যবস্থা ভেঙে পড়েছিল। গণ -আন্দোলনের পর গণতান্ত্রিক নির্বাচনের মাধ্যমে এই সংসদ গঠিত হয়েছে। তাই সীমিত সম্পদের মধ্যে জনগণের প্রত্যাশা পূরণ করাই সরকারের দায়িত্ব। তিনি জানান, ভেঙে পড়া স্বাস্থ্য ব্যবস্থাকে ঢেলে সাজাতে এবার স্বাস্থ্যখাতে বরাদ্দ গত বছরের ৩৫ হাজার কোটি টাকা থেকে বাড়িয়ে প্রায় দ্বিগুণ অর্থাৎ ৬৯ হাজার কোটি টাকা করা হয়েছে। ধনী-দরিদ্র নির্বিশেষে, সবার জন্য একটি সহজলভ্য (Accessible), সাশ্রয়ী (Affordable) এবং অন্তর্ভুক্তিমূলক (Inclusive) স্বাস্থ্য ব্যবস্থা গড়ে তোলাই এই বাজেটের মূল লক্ষ্য। `রোগীর পকেট থেকে যায় ৭৯ শতাংশ খরচ, দেশে অসংক্রামক ব্যাধি ও চিকিৎসার ব্যয় বৃদ্ধিকে প্রধান চ্যালেঞ্জ হিসেবে উল্লেখ করে ম এ মুহিত বলেন , বাংলাদেশে মোট মৃত্যুর ৭১ ভাগই ঘটছে ডায়াবেটিস, হাইপারটেনশন বা কিডনি রোগের মতো অসংক্রামক ব্যাধির কারণে। এর ওপর আরেকটি ভয়ঙ্কর ব্যাপার হলো, চিকিৎসা খরচের ৭৯ শতাংশই রোগীকে নিজের পকেট (আউট অব পকেট এক্সপেন্ডিচার) থেকে দিতে হচ্ছে। যেখানে থাইল্যান্ডে এটি মাত্র ১০ শতাংশ এবং মালদ্বীপে ১৮ শতাংশ। এই প্রেক্ষাপটে সরকার অপরিকল্পিতভাবে হাসপাতাল ভবন নির্মাণ না করে রোগ প্রতিরোধ ব্যবস্থা , রেফারাল নেটওয়ার্ক তৈরি এবং প্রাথমিক স্বাস্থ্যসেবাকে শক্তিশালী করতে জোর দিচ্ছে বলে জানান তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৬.২০২৬ রিহাব)

## তিন বিভাগের নিম্নাঞ্চলে বন্যার শঙ্কা

দেশের উত্তর ও উ ত্তর-পূর্বাঞ্চলের নদ-নদীর পানি ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। সিলেট অঞ্চলের কুশিয়ারা নদী এরই মধ্যে বিপৎসীমা অতিক্রম করেছে, যার ফলে নদীসংলগ্ন নিম্নাঞ্চলে বন্যার আভাস দেওয়া হয়েছে। এছাড়া ময়মনসিংহ, রংপুর বিভাগের নদীসংলগ্ন নিম্নাঞ্চলে বন্যার শঙ্কা রয়েছে। রোববার (২৮ জুন) বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের নদ - নদীর পরিস্থিতি ও পূর্বাভাসজনিত বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয় , কুশিয়ারা নদী বর্তমানে ফেঞ্চুগঞ্জ (সিলেট) স্টেশনে বিপৎসীমার ৪ সেন্টিমিটার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। এছাড়া তিস্তা নদী ডালিয়া (নীলফামারী), কুশিয়ারা নদী মারকুলি (সুনামগঞ্জ) এবং সোমেশ্বরী নদী কলমাকান্দা (নেত্রকোণা) স্টেশনে সতর্কসীমায় প্রবাহিত হচ্ছে। সুরমা -কুশিয়ারার পরিস্থিতি জানিয়ে বলা হয়েছে , গত ২৪ ঘণ্টায় উত্তর-পূর্বাঞ্চলের সুরমা-কুশিয়ারা নদীর পানির সমতল বৃদ্ধি পেয়েছে, যা আগামী তিনদিন বৃদ্ধি পেতে পারে। আগামী ৭২ ঘণ্টায় এই নদীগুলো সিলেট ও সুনামগঞ্জ জেলায় কয়েকটি পয়েন্টে বিপৎসীমা অতিক্রম করতে পারে এবং নদীসংলগ্ন নিম্নাঞ্চলে স্বল্পমেয়াদি বন্যা পরিস্থিতি সৃষ্টি হতে পারে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৬.২০২৬ রিহাব)

## ট্রাইব্যুনালকে বিতর্কিত করার জন্য রিট করা হয়েছে : চিফ প্রসিকিউটর

২০২৪ সালের জুলাই -আগস্টে সংঘটিত মানবতাবিরোধী অপরাধের বিচারের জন্য গঠিত আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালকে বিতর্কিত ও হেয় করার জন্য রিট আবেদন দায়ের করা হয়েছে বলে মন্তব্য করেছেন চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম। রোববার (২৮ জুন) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল -১ জুলাই অভ্যুত্থানের সময় রাজধানীর রামপুরায় একটি নির্মাণাধীন ভবনের কার্নিশে ঝুলে থাকা তরুণকে গুলি এবং আরও দু -জনকে হত্যার ঘটনায় করা মানবতাবিরোধী অপরাধের মামলায় তিন আসামিকে মৃত্যুদণ্ড, একজনকে যাবজ্জীবন কারাদণ্ড এবং অন্য আসামিকে ২০ বছরের কারাদণ্ড দেওয়ার পর তাৎক্ষণিক এক ব্রিফিংয়ে এমন মন্তব্য করেন চিফ প্রসিকিউটর।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৬.২০২৬ রিহাব)

## শাহবাগে বিপুল পরিমাণ জাল টাকাসহ গ্রেফতার৪

রাজধানীর শাহবাগ থেকে ৪০ লাখ জাল টাকাসহ চারজনকে গ্রেফতার করেছে ডিএমপির শাহবাগ থানা পুলিশ। গ্রেফতারকৃতরা হলো- নাফিজ আহম্মেদ (২৬), মো. রহমত উল্লাহ (২৬), ইয়াকুব আলী চৌধুরী (৩৯) ও রুবেল (৪২)। রোববার (২৮ জুন) ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশ নস বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য নিশ্চিত করেন। নিয়াজ মেহেদী বলে ন, শনিবার (২৭ জুন) রাত ৭টার পর শাহবাগ থানাধীন মোতালিব প্লাজায় অভিযান পরিচালনা করে তাদের গ্রেফতার করা হয়। শাহবাগ থানার বরাত দিয়ে তিনি বলেন, শনিবার রাতে শাহবাগ থানাধীন মোতালিব প্লাজা ৫ তলায় একটি দোকানে কতিপয় ব্যক্তিরা বিপুল পরিমাণ জাল টাকাসহ অবস্থান করছে। এ মন সংবাদের ভিত্তিতে সেই স্থানে অভিযান পরিচালনা করে তাদেরকে গ্রেফতার করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৬.২০২৬ রিহাব)

## রাজধানীতে পুলিশের অভিযানে গ্রেফতার ৫৯

ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) বিভিন্ন ইউনিটের পরিচালিত বিশেষ অভিযানে রাজধানীর বিভিন্ন এলাকা থেকে বিভিন্ন অপরাধে জড়িত মোট ৫৯ জনকে গ্রেফতার করেছে পুলিশ। রোববার (২৮ জুন) ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশনস বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য নিশ্চিত করেন। নিয়াজ মেহেদী বলেন, গতকাল শনিবার (২৭ জুন) দিনব্যাপী পরিচালিত এ অভিযানে গ্রেফতারদের মধ্যে একজন তালিকাবহির্ভূত চাঁদাবাজ রয়েছেন। এছাড়া, সন্ত্রাসী, দস্যু, ছিনতাইকারী ও ডাকাতি সংশ্লিষ্ট অপরাধে জড়িত ২৩ জন এবং মাদক কারবারে জড়িত ৩৫ জনকে গ্রেফতার করা হয়। জননিরাপত্তা ও আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে। গ্রেফতারদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন বলেও জানান এই কর্মকর্তা। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৬.২০২৬ রিহাব)

## মোহাম্মদপুরে পাটালি গ্রুপের সেকেন্ড ইন কমান্ডসহ গ্রেফতার ৮

রাজধানীর মোহাম্মদপুর এলাকা হতে কুখ্যাত পাটালি গ্রুপের সেকেন্ড ইন কমান্ড শামীম পাটালিসহ ৮ জন ছিনতাইকারীকে বিদেশি অস্ত্র ও গুলিসহ গ্রেফতার করেছে র্যাব-২। রোববার (২৮ জুন) র্যাবের পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এ বিষয়ে দুপুর আড়াইটায় রাজধানীর কারওয়ান বাজার র্যাব কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে বিস্তারিত জানাবেন র্যাব-২ এর অধিনায়ক অতিরিক্ত ডিআইজি নয়মুল হাসান। সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, রাজধানীতে মোহাম্মদপুর এলাকার সংঘবদ্ধ ছিনতাই ও সন্ত্রাসী কর্মকাণ্ডে জড়িত একটি চক্রের বিরুদ্ধে গোয়েন্দা নজরদারি ও তথ্য-উপাত্ত বিশ্লেষণের ভিত্তিতে মোহাম্মদপুর এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করা হয়। অভিযানে পাটালি গ্রুপের সেকেন্ড ইন কমান্ড শামীম পাটালিসহ ৮ জনকে গ্রেফতার করা হয়েছে। বিস্তারিত সংবাদ সম্মেলনে জানানো হবে বলেও জানান তিনি। এ সময় তাদের কাছ থেকে বিদেশি অস্ত্র ও গুলি উদ্ধার করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৬.২০২৬ রিহাব)

## সাবেক অতিরিক্ত আইজিপি ইকবাল বাহারকে গ্রেফতারের আবেদন

যাত্রাবাড়ী থানায় দায়ের করা একটি হত্যাচেষ্টা ও সহিংসতার মামলায় সাবেক অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক (অপারেশনস) ইকবাল বাহারকে গ্রেফতারের আবেদন করেছে পুলিশ। রোববার (২৮ জুন) দুপুরে ঢাকা মহানগর আদালতের অতিরিক্ত পাবলিক প্রসিকিউটর মুহাম্মদ শামসুদ্দোহা সুমন বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে এ আবেদনের ওপর শুনানি অনুষ্ঠিত হবে। আদালতে দাখিল করা আবেদনে বলা হয়েছে, গত ১৮ সেপ্টেম্বর ২০২৪ সালে যাত্রাবাড়ী থানায় দায়ের করা একটি মামলার পরিপ্রেক্ষিতে সাবেক অতিরিক্ত আইজিপি ইকবাল বাহারসহ সংশ্লিষ্টদের দ্রুত গ্রেফতারের আবেদন জানানো হয়েছে। মামলাটি দণ্ডবিধির ১৪৩, ১৪৪, ১৪৯, ৩২৩, ৩২৫, ৩২৬, ৩০৭, ৪২৭, ৫০৬, ১১৪ ও ৩৪ ধারায় দায়ের করা হয়। মামলার অভিযোগে উল্লেখ করা হয়, ওইদিন বিকেল ৩টার দিকে যাত্রাবাড়ী থানাধীন ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের শনির আখড়া এলাকায় দেশীয় অস্ত্রশস্ত্রসহ একটি মিছিল বের করা হয়। অভিযোগ রয়েছে, সাবেক পুলিশ কর্মকর্তা ইকবাল বাহারের নির্দেশনায় তার অনুসারীরা এবং পুলিশের সহযোগিতায় সেখানে অতর্কিত হামলা চালায়। এতে বহু মানুষ আহত হন এবং বাদীকে প্রাণনাশের হুমকি দেওয়া হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৬.২০২৬ রিহাব)

## ইসলামী ব্যাংকের বুথ থেকে ১৭ লাখ টাকা চুরি, নিরাপত্তাকর্মী গ্রেফতার

চট্টগ্রামের সীতাকুণ্ডে ইসলামী ব্যাংকের একটি এটিএম ও কালেকশন বুথ থেকে ১৭ লাখ টাকা চুরির ঘটনায় আইয়ুব আলী নামে এক নিরাপত্তাকর্মীকে গ্রেফতার করেছে পুলিশ। এসময় তার কাছ থেকে ১৪ লাখ ৮৪ হাজার ৮২৮ টাকা উদ্ধার করা হয়েছে। রোববার (২৮ জুন) সকালে তাকে চট্টগ্রাম আদালতে পাঠানো হয়। এর আগে, তাকে রংপুর থেকে টাকাসহ গ্রেফতার করে সীতাকুণ্ড মডেল থানা পুলিশ। মামলার বাদী ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসির চকবাজার শাখার কর্মকর্তা মঈনুল ইসলাম এজাহারে উল্লেখ করেন, আইয়ুব আলী প্রায় দুই বছর ধরে সীতাকুণ্ড আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় (আইআইইউসি) ক্যাম্পাসে অবস্থিত ইসলামী ব্যাংকের এটিএম ও কালেকশন বুথে নিরাপত্তাকর্মী হিসেবে কর্মরত ছিলেন। দায়িত্ব পালনের সুবাদে বুথের নিরাপত্তা ব্যবস্থা, চাবি সংরক্ষণ ও অর্থ লেনদেনের পুরো প্রক্রিয়া সম্পর্কে তার ভালো ধারণা ছিল। মামলা সূত্রে জানা গেছে, গত ২৪ জুন দুপুরে বুথের কর্মকর্তা নামাজ ও খাবারের বিরতির জন্য সাময়িকভাবে বুথে তালা লাগিয়ে বাইরে যান। বিকেলে ফিরে এসে ক্যাশ গণনার সময় এক হাজার টাকার ১৭টি বান্ডেল মোট ১৭ লাখ টাকা খোয়া যাওয়ার বিষয়টি ধরা পড়ে। পরে বুথের সিসিটিভি ফুটেজ পর্যালোচনায় দেখা যায়, আইয়ুব আলী পূর্বপরিকল্পিতভাবে তৈরি করা নকল চাবি ব্যবহার করে বুথে প্রবেশ করেন। এরপর ক্যাশ ড্রয়ার থেকে টাকাগুলো একটি ব্যাগে ভরে দ্রুত সেখান থেকে বেরিয়ে যান। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৬.২০২৬ রিহাব)

## আদ-দ্বীন হাসপাতালকে `বাণিজ্যিক বেকারি কারখানা, বললেন স্বাস্থ্যমন্ত্রী

রাজধানীর মগবাজারের আদ -দ্বীন হাসপাতালকে বাণিজ্যিক বেকারি কারখানা বলে মন্তব্য করেছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। রোববার (২৮ জুন) জাতীয় সংসদে বাজেট আলোচনায় অংশ নিয়ে তিনি এ মন্তব্য করেন। এসময় অধিবেশনে সভাপতিত্ব করেন ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল। সংসদে আদ -দ্বীন হাসপাতালের অব্যবস্থাপনার বর্ণনা দিয়ে মন্ত্রী বলেন , "একটি পূর্ণাঙ্গ মেডিকেল কলেজ হাসপাতালের ভেতরে সব ধরনের নিয়ম-নীতি উপেক্ষা করে কীভাবে একটি বাণিজ্যিক বেকারি কারখানা পরিচালিত হচ্ছে এবং বিপজ্জনক প্লাস্টিক বর্জ্যের স্তূপ রাখা হয়েছে , সেটিও উদ্বেগজনক।„ আদ-দ্বীন হাসপাতালে চিকিৎসকদের গাফিলতি , সেন্ট্রাল এসি বন্ধ থাকা এবং পর্যাপ্ত অক্সিজেন সরবরাহের অভাবের কারণে একই দিনে ছয় ন বজাতকের মৃত্যুর ঘটনা ঘটেছে বলে দাবি মন্ত্রীর। তিনি আরও বলেন, হাইপারক্যাপনিয়ায় আক্রান্ত হয়ে যখন শিশুদের হাত -পা কাঁপছিল, তখন সেন্ট্রাল এসি বন্ধ ছিল। কোনো সচল জানালা ছিল না এবং জরুরি অক্সিজেন সাপোর্টও পাওয়া যায়নি। ১৬ থেকে ১৭ জন মা যখন তাদের সন্তানদের বাঁচানোর জন্য হাসপাতাল চত্বরে ছোটাছুটি করছিলেন, তখন সেখানে কোনো অন -ডিউটি চিকিৎসক ছিলেন না। এমনকি নার্সদের ডাকলেও তারা সাড়া দেননি। কার্বন ডাই -অক্সাইডের বিষক্রিয়ায় শিশুরা মারা যায়। হাসপাতালের অভ্যন্তরীণ অব্যবস্থাপনার প্রসঙ্গ তুলে স্বাস্থ্যমন্ত্রী বলেন, আদ-দ্বীনের বাণিজ্যিক মানসিকতা এমন পর্যায়ে পৌঁছেছে যে, যেখানে হাজার হাজার শিক্ষার্থী , চিকিৎসক ও রোগী অবস্থান করেন সেই হাসপাতাল চত্বরে একটি বেকারি কারখানা গড়ে তোলা হয়েছে। ওই কারখানার বর্জ্য , স্তূপীকৃত প্লাস্টিক এবং জলাবদ্ধতার কারণে পুরো হাসপাতালের পরিবেশ দূষিত হয়ে পড়েছে। এসব থেকে নির্গত গ্যাস ও দূষণ শিশুদের মৃত্যুর ঘটনায় ভূমিকা রেখে থাকতে পারে। তিনি আরও বলেন , হাসপাতাল প্রাঙ্গণে যেভাবে দাহ্য প্লাস্টিক বর্জ্য ফেলে রাখা হয়েছে, তাতে যে-কোনো সময় অগ্নিকাণ্ড ঘটলে রোগী ও তাদের স্বজনদের নিরাপদে বের হওয়ার সুযোগ থাকবে না। মন্ত্রী জা নান, লাইসেন্সের শর্ত লঙ্ঘন ও চরম অব্যবস্থাপনার কারণে স্বাস্থ্য অধিদপ্তর এরই মধ্যে হাসপাতালটির লাইসেন্স স্থগিত করেছে। পাশাপাশি পরিচালনা পর্ষদ ভেঙে দিয়ে সরকারি তত্ত্বাবধানে নতুন প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) নিয়োগ দেওয়া হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৬.২০২৬ রিহাব)

## হামের উপসর্গে ২৪ ঘণ্টায় ৪ শিশুর মৃত্যু

দেশে গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে আরও ৪ শিশুর মৃত্যু হয়েছে। এই সময়ে হাম ও হামের উপসর্গ নিয়ে আক্রান্ত হয়েছে ১ হাজার ৫৭টি শিশু। রোববার (২৮ জুন) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হাম -বিষয়ক হালনাগাদ প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে , গত ২৪ ঘণ্টায় দেশে হামের উপসর্গ নিয়ে আরও ৪ শিশুর মৃত্যু হয়েছে। তবে নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়ে কোনো শিশুর মৃত্যু হয়নি। এ নিয়ে গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত সারা দেশে হামের উপসর্গ নিয়ে মৃত্যু হয়েছে মোট ৬১৯টি শিশুর। আর হামে আক্রান্ত হয়ে আরও ৯৩টি শিশু প্রাণ হারিয়েছে। অর্থাৎ হাম ও হামের উপসর্গ নিয়ে এই সময়ে মোট ৭১২টি শিশু মারা গেছে। এছাড়া , ২৪ ঘণ্টায় ১১৬টি শিশু হামে আক্রান্ত হয়েছে, আর হামের উপসর্গজনিত রোগীর সংখ্যা ৯৪১। এই সময়ে ৮৮৯টি শিশু নতুন করে হাসপাতালে ভর্তি হয়েছে, আর হাসপাতাল থেকে ছাড়া পেয়েছে ৮৬৫টি শিশু। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য বলছে, ১৫ মার্চ থেকে আজ পর্যন্ত মোট সন্দেহজনক হাম রোগীর সংখ্যা ৯৯ হাজার ২০৭, আর নিশ্চিত হাম রোগীর সংখ্যা ১১ হাজার ৭১০। এর মধ্যে হাসপাতালে ভর্তি হয়েছে মোট ৮২ হাজার ৮৪৪ রোগী, যাদের মধ্যে ৭৯ হাজার ১৫২ জন ছাড়পত্র পেয়ে ইতোমধ্যে বাড়ি ফিরেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৬.২০২৬ রিহাব)

## প্রধানমন্ত্রীর চীন সফরের অপেক্ষায় ছিলেন তিস্তাপাড়ের দুই কোটি মানুষ

তিস্তাপাড়ের দুই কোটি মানুষ প্রধানমন্ত্রীর চীন সফরের অপেক্ষায় ছিলেন বলে জানিয়েছেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী আসাদুল হাবিব দুলু। তিনি বলেছেন , প্রধানমন্ত্রী যখন চীনে গেলেন , তখন আমি গ্রামের বাড়িতে ছিলাম। আমি দেখেছি, তিস্তাপাড়ের মানুষেরা এই সফরটির জন্য কতটা অপেক্ষায় ছিলেন। আমি নিজেও তিস্তার জন্য দীর্ঘদিন আন্দোলন করেছি। রোববার (২৮ জুন) জাতীয় সংসদে ২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেটের ওপর আলোচনায় অংশ নিয়ে তিনি এ দাবি করেন। ত্রাণমন্ত্রী বলেন , চীন নদী ব্যবস্থাপনার জন্য বিশেষজ্ঞ। তিস্তার ছন্নছাড়া মানুষ অপেক্ষায় আছে, কখন তাদের ভাগ্যের পরিবর্তন হবে। তিস্তার জন্য দুই কোটি মানুষ ভূমিহীন হয়েছে , বাড়ি ছেড়েছে, ছন্নছাড়া হয়েছে। তিস্তা প্রকল্প বাস্তবায়নে সবার ভাগ্যোন্নয়ন হবে। (জাগো নিউজ ওয়েব পেজ :২৮.০৬.২০২৬ রিহাব)

## `ভিসা আমরা চিরদিনই দিতাম, বাংলাদেশকে আমাদেরই অঙ্গ মনে করি : পশ্চিমবঙ্গ সরকারের মন্ত্রী

প্রায় দুই বছর পর বাংলাদেশি নাগরিকদের জন্য আবারও পর্যটন ভিসা চালুর সিদ্ধান্ত নিয়ে ছে ভারত। এ নিয়ে মন্তব্য করেছেন পশ্চিমবঙ্গ সরকারের মন্ত্রী ও বিজেপি নেতা দিলীপ ঘোষ। তিনি বলেছেন , ভিসা আমরা সব সময়ই দিয়েছি। আমরা বাংলাদেশকে আমাদেরই অঙ্গ মনে করি। ২০২৪ সালের ৫ আগস্ট শেখ হাসিনার নেতৃত্বাধীন আওয়ামী লীগ সরকারের পতনের পর বাংলাদেশি নাগরিকদের জন্য পর্যটন ভিসা প্রদান স্থগিত করেছিল ভারত সরকার। তবে আগামী

২৮ জুন থেকে বাংলাদেশিদের পর্যটন ভিসার আবেদন গ্রহণ শুরু হবে বলে জানিয়েছেন ঢাকায় নিযুক্ত ভারতের হাইকমিশনার দীনেশ ত্রিবেদী। এ বিষয়ে প্রতিক্রিয়া জানিয়ে দিলীপ ঘোষ বলেন, আমরা বাংলাদেশকে নিজেদেরই অংশ মনে করি। কিন্তু তারা যদি আমাদের শত্রুর মতো আচরণ করে , তাহলে আমাদেরও কঠোর হতে হয়। তিনি আরও বলেন, বাংলাদেশ থেকে অনেক মানুষ উন্নত চিকিৎসার জন্য কলকাতা ও দিল্লিতে আসেন। তার দাবি , বাংলাদেশে চিকিৎসা ব্যবস্থার সীমাবদ্ধতার কারণে অনেক রোগী ভারতে চিকিৎসা নিতে আসেন । দুই দেশের মধ্যে বাণিজ্য বাড়ানোর উপরও গুরুত্ব দেন পশ্চিমবঙ্গের এই মন্ত্রী। তিনি বলেন, আমরা চাই পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের মধ্যে বাণিজ্য আরও বাড়ুক। এতে দুইপক্ষই লাভবান হবে। বাংলাদেশে অনেক শিল্প -কারখানা নেই। পশ্চিমবঙ্গ থেকে চাল , ডাল, তেল, নুন, কাপড়, ফলসহ নানা পণ্য সেখানে রপ্তানি হয়। দিলীপ ঘোষ আরও দাবি করেন , বাংলাদেশের বাজারে পশ্চিমবঙ্গের ব্যবসায়ীদের বিপুল পরিমাণ অর্থ আটকে রয়েছে। তাই দুই দেশের মধ্যে স্বাভাবিক বাণিজ্য ও যাতায়াত পুনরায় চালু হওয়া জরুরি। তার ভাষায় , আবার ব্যবসা শুরু হোক , ভিসা চালু হোক , দুই দেশের সম্পর্ক স্বাভাবিক হোক- এটাই আমরা চাই। এখন বাংলাদেশও বুঝতে পেরেছে, এই পরিস্থিতিতে সবচেয়ে বেশি ক্ষতি তাদেরই হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৬.২০২৬ রিহাব)

## অনুমোদনহীন এজেন্সির হজ প্যাকেজে প্রতারিত না হওয়ার অনুরোধ মন্ত্রণালয়ের

অনুমোদনবিহীন এজেন্সি, গ্রুপ বা কাফেলার আকর্ষণীয় হজ প্যাকেজের প্রচারণায় বিভ্রান্ত বা প্রতারিত না হতে হজে গমনেচ্ছু ব্যক্তি ও সাধারণ মানুষকে সতর্ক করেছে ধর্মবিষয়ক মন্ত্রণালয়। মন্ত্রণালয় জানিয়েছে , সরকার অনুমোদিত বৈধ লাইসেন্সধারী ও তালিকাভুক্ত হজ এজেন্সি ছাড়া অন্য কোনো প্রতিষ্ঠান বা ব্যক্তি র মাধ্যমে হজে যাওয়া সম্ভব নয়। সম্প্রতি ধর্মবিষয়ক মন্ত্রণালয় থেকে জারি করা এক সতর্কীকরণ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয় , সম্প্রতি অনুমোদনবিহীন কিছু এজেন্সি , গ্রুপ বা কাফেলা ফেসবুকসহ বিভিন্ন সামাজিক যোগাযোগমাধ্যমে আকর্ষণীয় হজ প্যাকেজ ঘোষণা করে পবিত্র হজে গমনেচ্ছু ব্যক্তিদের প্রলুব্ধ করার চেষ্টা করছে। অথচ সরকার অনুমোদিত বৈধ লাইসেন্সধারী ও তালিকাভুক্ত যোগ্য হজ এজেন্সি ছাড়া অন্য কোনো এজেন্সি , এজেন্ট, গ্রুপ বা কাফেলার হজ কার্যক্রম পরিচালনার সুযোগ নেই। এ অবস্থায় ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের তালিকাভুক্ত যোগ্য হজ এজেন্সি ছাড়া অন্য কোনো এজেন্সি, ট্রাভেল এজেন্ট, গ্রুপ বা কাফেলার সঙ্গে হজ সংক্রান্ত কোনো ধরনের আর্থিক লেনদেন না করার জন্য হজে গমনেচ্ছু ব্যক্তিদের বিশেষভাবে অনুরোধ জানানো হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৬.২০২৬ রিহাব)

## স্কুল ফিডিংয়ের ডিম-বিস্কুট আত্মসাৎ, প্রধান শিক্ষিকাকে জরুরি তলব

শিক্ষার্থীদের মিড ডে মিলের জন্য দেওয়া ২৪টি ডিম ও ২২ প্যাকেট বিস্কুট অনৈতিকভাবে বাসায় নিয়ে যান বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলার রানীরহাট সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকা রেশমা আক্তার। স্কুল ফিডিংয়ের খাদ্য সামগ্রী আত্মসাতের সুনির্দিষ্ট অভিযোগ পাওয়ায় তাকে জরুরি কৈফিয়তের জন্য তলব করা হয়েছে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনায় বরিশাল জেলা প্রাথমিক শিক্ষা অফিস তাকে তলব করেছে। রোববার (২৮ জুন) এক অফিস আদেশে এ তলব করা হয়। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের জ নসংযোগ কর্মকর্তা মো. তানভীর মিয়ার পাঠানো বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয় , প্রাথমিক শিক্ষার গুণগত মানোন্নয়ন এবং শিক্ষার্থীদের পুষ্টি নিশ্চিতকরণে সরকারের গৃহীত স্কুল ফিডিং কর্মসূচিতে যে -কোনো ধরনের অনিয়ম ও দুর্নীতির বিরুদ্ধে কঠোর অবস্থান পুনর্ব্য ক্ত করেছে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। এরই ধারাবাহিকতায় বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলার রানীরহাট সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকা রেশমা আক্তারের বিরুদ্ধে স্কুল ফিডিংয়ের সামগ্রী আত্মসাতের সুনির্দিষ্ট অভিযোগে আজ এক অফিস আদেশের মাধ্যমে জরু রি কৈফিয়ত তলব করেছে জেলা প্রাথমিক শিক্ষা অফিস, বরিশাল। এতে আরও বলা হয়, গত ২৫ জুন বিদ্যালয় ছুটি শেষে ফেরার পথে প্রধান শিক্ষিকা স্কুল ফিডিং কর্মসূচির জন্য বরাদ্দকৃত ২৪টি ডিম এবং ২২ প্যাকেট বিস্কুট অনৈতিকভাবে নিজের বাসায় নিয়ে যান। পরে সামাজিক যোগাযোগমাধ্যম (ফেসবুক) এবং বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় বস্তুনিষ্ঠভাবে প্রকাশিত হলে বিষয়টি অধিদপ্তরের দৃষ্টিগোচর হয়। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর থেকে জানানো হয় , সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কোমলমতি শিশুদের পুষ্টির জন্য বরাদ্দ করা খাবারে যে -কোনো ধরনের অনিয়ম বা আত্মসাতের চেষ্টা কোনোভাবেই বরদাশত করা হবে না। বর্তমান সরকার সরকারি সেবায় স্বচ্ছতা , জবাবদিহি ও সুশাসন নিশ্চিত করতে শতভাগ প্রতিশ্রুতিবদ্ধ। গণমাধ্যমে বিষয়টি আসার পরপরই দ্রুততম সময়ে ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া শুরু করা হয়েছে। জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের সই করা নোটিশে অভিযুক্ত শিক্ষককে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮, মোতাবেক আগামী তিন কার্যদিবসের মধ্যে সন্তোষজনক জবাব সশরীরে দাখিলের নির্দেশ দেওয়া হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে উপযুক্ত ও সন্তোষজনক জবাব দিতে ব্যর্থ হলে তার বিরুদ্ধে আইনানুগ ও কঠোর বিভাগীয় শা স্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৬.২০২৬ রিহাব)

## ফের বিপৎসীমার ওপরে তিস্তার পানি

উজানের ঢল আর ভারী বর্ষণে নীলফামারীর ডালিয়া পয়েন্টে তিস্তা নদীর পানি ফের বিপৎসী মার ওপরে। রোববার (২৮ জুন) সন্ধ্যা ৬টায় তিস্তার ডালিয়া পয়েন্টে পানি বিপৎসীমার ৭ সেন্টিমিটার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে বলে জানিয়েছে পানি উন্নয়ন বোর্ড (পাউবো)। খুলে দেওয়া হয়েছে সবকটি জলকপাট। পানি উন্নয়ন বোর্ড (পাউবো) জানিয়েছে, ডালিয়া পয়েন্টে তিস্তা নদীর পানির বিপৎসীমা হচ্ছে ৫২ দশমিক ১৫ মিটার (এমএসএল)। রোববার সন্ধ্যা ৬টায় সেখানে পানির স মতল রেকর্ড করা হয়েছে ৫২ দশমিক ২২ মিটার, যা বিপৎসীমার ৭ সেন্টিমিটার ওপরে। উজানের পাহাড়ি ঢল এবং গত কয়েকদিনের টানা বৃষ্টির কারণে নদীর পানি দ্রুত বৃদ্ধি পাচ্ছে। এর আগে , মঙ্গলবার (২৩ জুন) তিস্তা নদীর পানি ডালিয়া পয়েন্টে বিকেল ৩টায় ৫২ দশমিক ১৬ সেন্টিমিটার দিয়ে পানি প্রবাহিত হয়, যা বিপৎসীমার ১ সেন্টিমিটার ওপর দিয়ে প্রবাহিত হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৬.২০২৬ রিহাব)

## ওবায়দুল কাদের ও ১৩ সাবেক সচিবের তথ্য সংগ্রহ করছে দুদক

কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের সাধা রণ সম্পাদক এবং সাবেক সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এবং ১৩ সাবেক সচিবের তথ্য-উপাত্ত সংগ্রহ করছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পে ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনের জন্য অধিগ্রহণ করা জমি অন্য উদ্দেশ্যে ব্যবহারের অভিযোগে দায়ের করা মামলার তদন্তে এ তথ্য সংগ্রহ করা হচ্ছে। তদন্তের অংশ হিসেবে সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও সরকারি সংস্থার কাছে প্রয়োজনীয় নথিপত্র ও তথ্য চেয়ে চিঠি পাঠানো হয়েছে। রোববার (২৮ জুন) দুদকের ঊর্ধ্বতন সূত্র বিষয়টি নিশ্চিত করেছে। এ বিষয়ে দুদকের উপ -পরিচালক আক্তারুল ইসলাম বলেন , মামলাটি বর্তমানে তদন্তাধীন। তদন্তের স্বা র্থে সংশ্লিষ্ট ব্যক্তিদের দায়িত্ব পালনকালীন সিদ্ধান্ত, নথি, দাপ্তরিক কার্যক্রম এবং অন্যান্য প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা হচ্ছে। এসব তথ্য-উপাত্ত পর্যালোচনা ও যাচাই -বাছাই শেষে মামলার তদন্তে পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে। এর আগে , এ প্রকল্পে অনিয়মের অভিযোগে ওবায়দুল কা দেরসহ মোট ১৪ জনের নামে মামলা করে দুদক। ২০২৪ সালের ৫ আগস্টের পর বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির অভিযোগে ওবায়দুল কাদেরের বিরুদ্ধে অনুসন্ধান শুরু করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৮.০৬.২০২৬ রিহাব)

# রেডিও টুডে

## সমৃদ্ধ বাংলাদেশ গড়তে শিক্ষার্থীদের প্রস্তুত থাকতে হবে : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, বর্তমান প্রজন্মই দেশের ভবিষ্যৎ। তাই একটি উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তুলতে শিক্ষার্থীদের প্রস্তুত থাকতে হবে। আজ রোববার সংসদ ভবনের ভিআইপি ক্যাফেটেরিয়ায় মধ্যাহ্নভোজে অংশ নেওয়া শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি এ কথা বলেন। প্রধানমন্ত্রী ও সংসদ নেতা তারেক রহমানের আয়োজনে জাতীয় সংসদ ভবনে মধ্যাহ্নভোজ করেন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে সংসদ অধিবেশন দেখতে আসা শিক্ষার্থী, শিক্ষক ও দর্শনার্থীরা। তিনি জানান, মধ্যাহ্নভোজে কানাডিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ-এর আইন বিভাগের ২৯ জন শিক্ষার্থী, গণস্বাক্ষরতা অভিযানের সহযোগী সংস্থা `সুরভীর, মাধ্যমে আসা সুবিধাবঞ্চিত শিক্ষার্থী ও শিক্ষকসহ ২১ জন এবং তেজগাঁও কলেজ ডিবেটিং সোসাইটির শিক্ষার্থী ও শিক্ষকসহ ১৬ জন অংশ নেন। জাহিদুল ইসলাম রনি জানান, এ সময় প্রধানমন্ত্রী শিক্ষার্থীদের খোঁজ-খবর নেন এবং তাদের সঙ্গে বিভিন্ন বিষয়ে কথা বলেন। প্রধানমন্ত্রী শিক্ষার্থীদের বলেন, পড়াশোনার পাশাপাশি খেলাধুলার প্রতিও গুরুত্ব দিতে হবে এবং নিজেদের যোগ্য, দক্ষ ও সুনাগরিক হিসেবে গড়ে তুলতে হবে। তিনি জানান, প্রধানমন্ত্রী বলেছেন, বর্তমান প্রজন্মই দেশের ভবিষ্যৎ। তাই একটি উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তুলতে শিক্ষার্থীদের প্রস্তুত থাকতে হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৮.০৬.২০২৬ আসাদ)

## স্পারসোকে আধুনিক ও যুগোপযোগী করার নির্দেশ প্রধানমন্ত্রীর

প্রধানমন্ত্রী তারেক রহমান স্পারসোকে আধুনিক ও যুগোপযোগী প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলতে সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছেন। তিনি আজ সকালে রাজধানীর আগারগাঁওয়ের শের-ই-বাংলা নগরে বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান স্পারসো কার্যালয় হঠাৎ পরিদর্শনে এসে এ নির্দেশ দেন। উল্লেখ্য, এটি তার পূর্বনির্ধারিত কর্মসূচি ছিল না। প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব জাহিদুল ইসলাম রনি এ কথা জানান। প্রধানমন্ত্রী প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিষ্ঠান স্পারসোর কার্যালয় ঘুরে দেখেন। তিনি প্রতিষ্ঠানটির প্রতিটি বিভাগ পরিদর্শন এবং কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে মতবিনিময় করেন। স্পারসোর চেয়ারম্যান মো. রাশিদুল ইসলাম প্রতিষ্ঠানটির বিভিন্ন কার্যক্রমসহ সার্বিক বিষয়ে প্রধানমন্ত্রীকে অবহিত করেন। পরে স্পারসোর বিভিন্ন বিভাগের কর্মকর্তারা তাদের উদ্ভাবন, গবেষণা এবং চলমান কার্যক্রম সম্পর্কে প্রধানমন্ত্রীকে বিস্তারিত জানান। প্রধানমন্ত্রী তারেক রহমান স্পারসোকে একটি আধুনিক, যুগোপযোগী, স্বনির্ভর এবং জাতীয় নিরাপত্তা ও উন্নয়নে কার্যকর অবদান রাখতে সক্ষম মহাকাশ গবেষণা প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলতে সংশ্লিষ্টদের নির্দেশ দেন। (রেডিও টুডে ওয়েব পেজ:২৮ .০৬.২০২৬ আসাদ)

## চীনের সঙ্গে সমঝোতায় বাংলাদেশের নিউ মিডিয়ায় গুণগত পরিবর্তন আসবে : তথ্য ও সম্প্রচারমন্ত্রী

চীনের সঙ্গে স্বাক্ষরিত সমঝোতা স্মারকগুলোর মাধ্যমে বাংলাদেশের নিউ মিডিয়ায় গুণগত পরিবর্তন আসবে বলে আশা প্রকাশ করেছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন। চীনের সঙ্গে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ছয়টি সমঝোতা স্মারক স্বাক্ষর প্রসঙ্গে প্রতিক্রিয়া জানাতে গিয়ে তিনি এ আশাবাদ ব্যক্ত করেন। তথ্যমন্ত্রী বলেন, "তথ্য ও সম্প্রচারমন্ত্রী হিসেবে আমি চীন সরকারের সঙ্গে ছয়টি সমঝোতা স্মারকে স্বাক্ষর করেছি। এর মাধ্যমে দুই দেশের তথ্য ব্যবস্থাপনায় পারস্পরিক অভিজ্ঞতা ও জ্ঞান বিনিময়ের বিষয়ে আমরা একমত হয়েছি।„ "চীনের মতো একটি আধুনিক প্রযুক্তিনির্ভর দেশের সঙ্গে গণমাধ্যমে প্রযুক্তি ও কৃত্রিম বুদ্ধিমত্তা নিয়ে গবেষণার বিষয়ে আমরা একমত হয়েছি। এই যৌথ উদ্যোগের মাধ্যমে বাংলাদেশের নিউ মিডিয়ায় গুণগত পরিবর্তন আনতে পারব বলে আমরা আস্থাবান।„ গত বৃহস্পতিবার চীনের রাজধানী বেইজিংয়ের গ্রেট হল অব দ্য পিপলে প্রধানমন্ত্রী তারেক রহমান ও চীনের প্রধানমন্ত্রী লি চিয়াংয়ের দ্বিপক্ষীয় বৈঠকের পর দুই দেশের মধ্যে ১৭টি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। এর মধ্যে দুই প্রধানমন্ত্রীর উপস্থিতিতে ১৩টি সমঝোতা স্মারকে সই হয়। এসবের মধ্যে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়-সংশ্লিষ্ট ছয়টি সমঝোতা স্মারকে বাংলাদেশের পক্ষে স্বাক্ষর করেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী। তথ্যমন্ত্রী বলেন, "চীনের প্রেসিডেন্ট শি জিনপিং, প্রধানমন্ত্রী ও পার্লামেন্টের স্পিকারের মতো সর্বোচ্চ পর্যায় থেকে যে সম্মান ও গুরুত্ব পেয়েছি এবং যে আলোচনা হয়েছে, তাতে আমরা আশাবাদী যে, বাংলাদেশ ও চীনের সম্পর্ক আমাদের দেশের অর্থনীতি, প্রযুক্তি এবং আন্তর্জাতিক রাজনৈতিক মর্যাদা ও সম্মানকে এক নতুন উচ্চতায় নিয়ে যাবে।„ তিনি জানান, বাংলাদেশ ও চীনের মধ্যে দুটি চুক্তি এবং বেশ কয়েকটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। চীনে প্রধানমন্ত্রীর এই সফর দ্বিপাক্ষিক সম্পর্ককে নতুন উচ্চতায় পৌঁছে দিয়েছে উল্লেখ করে মন্ত্রী বলেন, "আমাদের নির্বাচিত প্রধানমন্ত্রী হিসেবে তারেক রহমানের এটাই প্রথম বিদেশ সফর। চীনের আন্তরিকতা ও ভালোবাসায় আমরা মুগ্ধ। প্রধানমন্ত্রীর নেতৃত্বে এই প্রতিনিধি দলের প্রতি চীনের যে আন্তরিকতা, তা প্রকৃত অর্থে আমাদের দেশের জনগণের প্রতি তাদের প্রতিশ্রুতি ও ভালোবাসারই প্রতিফলন।„ মন্ত্রী আরও বলেন, "চীনের প্রেসিডেন্ট শি জিনপিং প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে বৈঠকে উল্লেখ করেছেন যে, এই সফরের মধ্যদিয়ে দুই দেশের সম্পর্ক গুণগতভাবে এক নতুন যুগে প্রবেশ করবে। যে সম্পর্কের সূচনা হয়েছিল শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের হাত ধরে এবং যা বিকশিত হয়েছিল আমাদের সাবেক প্রধানমন্ত্রী ও গণতন্ত্রের মাতা মরহুমা বেগম খালেদা জিয়ার হাত ধরে- তা এখন আমাদের নির্বাচিত প্রধানমন্ত্রী দেশনায়ক তারেক রহমানের নেতৃত্বে এক নতুন স্তর অতিক্রম করতে যাচ্ছে। এই মন্তব্য আমার নয়, স্বয়ং চীনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের।„

(রেডিও টুডে ওয়েব পেজ:২৮ .০৬.২০২৬ আসাদ)

## দেশজুড়ে বড় পরিসরে শিক্ষক নিয়োগ কার্যক্রম শুরু হচ্ছে: এহছানুল হক মিলন

চলমান শিক্ষক সংকট নিরসনে আগামী মাস থেকে দেশজুড়ে বড়ো পরিসরে শিক্ষক নিয়োগ কার্যক্রম শুরু হচ্ছে বলে জানিয়েছেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। তিনি বলেন, বর্তমানে শুধু বেসরকারি এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানেই প্রায় ৭৭ হাজার শিক্ষকের পদ শূন্য রয়েছে। এর পাশাপাশি সরকারি স্কুল-কলেজেও বিপুলসংখ্যক শূন্যপদ রয়েছে, যা পূরণে সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছে সরকার। রোববার সিলেটের জালালাবাদ গ্যাস ভবন অডিটোরিয়ামে আয়োজিত এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ২০২৬ সালের এইচএসসি ও সমমানের পরীক্ষা উপলক্ষ্যে সিলেট শিক্ষা বোর্ড এবং সিলেট অঞ্চলের মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ডের কেন্দ্রপ্রধানদের নিয়ে এই সভার আয়োজন করা হয়। দেশের বিভিন্ন স্থানে বহু শিক্ষাপ্রতিষ্ঠানে ইংরেজি, আইসিটি ও বিজ্ঞান বিষয়ের শিক্ষক না থাকায় শিক্ষার্থীরা কাঙ্ক্ষিত ফল পাচ্ছে না উল্লেখ করে ড. মিলন বলেন, দীর্ঘদিন শিক্ষক নিয়োগ বন্ধ থাকায় অনেক প্রতিষ্ঠানে পাঠদান ব্যাহত হচ্ছে। কোথাও একজন বা দু-জন শিক্ষক দিয়ে পুরো বিদ্যালয় চলছে। পর্যাপ্ত শিক্ষক না থাকলে ছাত্ররা পড়াশোনায় পিছিয়ে পড়বে। আর শিক্ষক পর্যাপ্ত না থাকার দোষটা মূলত শিক্ষামন্ত্রীর। কারণ শিক্ষাব্যবস্থাকে সঠিকভাবে পরিচালনা করা আমারই দায়িত্ব।

(রেডিও টুডে ওয়েব পেজ:২৮ .০৬.২০২৬ আসাদ)

## ৮২ লাখ টাকা ব্যয়ের বিষয়ে ব্যাখ্যা দিলেন আ ফ ম খালিদ হোসেন

অন্তর্বর্তী সরকারের ধর্মবিষয়ক উপদেষ্টা আ ফ ম খালিদ হোসেন দায়িত্ব পালনকালে চিকিৎসা বাবদ ৮২ লাখ টাকা সরকারি কোষাগার থেকে অর্থ ব্যয়ের অভিযোগ ওঠে। এটি নিয়ে কয়েকটি গণমাধ্যমে সংবাদ প্রকাশের পর তিনি এ বিষয়ে বিস্তারিত ব্যাখ্যা দিয়েছেন। রোববার সকাল ১১টার দিকে নিজের ভেরিফায়েড ফেসবুক অ্যাকাউন্টে দেওয়া এক পোস্টে তিনি এ বিষয়ে নিজের অবস্থান তুলে ধরেন। ফেসবুক পোস্টে তিনি লেখেন, গতকাল কয়েকটা অনলাইন মিডিয়া পোর্টালে আমার উপদেষ্টার দায়িত্বে থাকাবস্থায় চিকিৎসা ব্যয় নিয়ে সংবাদ আমার দৃষ্টিগোচর হয়েছে। উপর্যুক্ত সংবাদের মিডিয়া ফ্রেমিং নিয়ে জনমনে বিভ্রান্তি দেখা দিয়েছে। ফলে আমার যথাযথ ব্যাখ্যা প্রদান জরুরি বলে মনে করি। (রেডিও টুডে ওয়েব পেজ:২৮ .০৬.২০২৬ আসাদ)

## হাদি হত্যা মামলার পুনঃতদন্ত প্রতিবেদন দাখিল ফের পেছাল

ইনকিলাব মঞ্চের আহ্বায়ক শরিফ ওসমান হাদি হত্যা মামলার অধিকতর তদন্ত প্রতিবেদন দাখিল সতেরোবারের মতো পিছিয়ে আগামী ১৫ জুলাই ধার্য করেছেন আদালত। রোববার তদন্ত সংস্থা ক্রিমিনাল ইনভেস্টিগেশন ডিপার্টমেন্ট তদন্ত কর্মকর্তা সিআইডি পুলিশের ঢাকা মেট্রো-এর সহকারী পুলিশ সুপার আবদুর কাদির ভুঁইয়া প্রতিবেদন জমা দিতে না পারায় ঢাকার এডিশনাল চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট জশিতা ইসলাম এ দিন ধার্য করেন। প্রসিকিউশন বিভাগের এসআই রুকনুজ্জামান বিষয়টি নিশ্চিত করেন। হাদি হত্যা মামলায় ১৭ জনকে অভিযুক্ত করে গত ৬ জানুয়ারি অভিযোগপত্র দেয় ডিবি পুলিশ। কিন্তু অভিযোগপত্রে সন্তুষ্ট নয় ইনকিলাব মঞ্চ।
(রেডিও টুডে ওয়েব পেজ:২৮ .০৬.২০২৬ আসাদ)

## গ্যাস সংকট কাটিয়ে অর্থনীতি গতিশীল করতে কাজ করছে সরকার : বানিজ্যমন্ত্রী

গ্যাস সংকট কাটিয়ে দেশের অর্থনীতি গতিশীল, নতুন কর্মসংস্থান ও উদ্যোক্তা তৈরিতে সরকার আন্তরিকভাবে কাজ করছে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী আব্দুল মুক্তাদির। রোববার সকালে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ-বিডা ভবনে আয়োজিত বিশ্ব এমএসএমই দিবস-২০২৬ অনুষ্ঠানে এ কথা বলেন তিনি। বাণিজ্যমন্ত্রী বলেন, উদ্যোক্তাদের সংকট কাটাতে ডিজিটাল প্রযুক্তির ব্যবহার, দক্ষতা উন্নয়ন এবং নীতিগত সহায়তা নিশ্চিতে সরকার বিভিন্ন প্রকল্প হাতে নিয়েছে। দেশের টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য শিল্প পার্কগুলোতে গ্যাস সংকট কাটাতে সরকার কাজ করছে। তিনি বলেন, গত ১৭ বছরে নতুন উদ্যোক্তা খুব কম তৈরি হয়েছে। যার প্রভাবে দেশে তৈরি হয়েছে আয় বৈষম্য। বৈশ্বিক প্রতিযোগিতায় টিকে থাকতে নতুন উদ্যোক্তা তৈরিতে সরকারের পরিকল্পনার কথাও জানান তিনি। এসময় ক্ষুদ্র উদ্যোক্তাদের উৎসাহিত করার পাশাপাশি সরকারি-বেসরকারি খাত এবং উন্নয়ন সহযোগীদের মধ্যে সহযোগিতা বৃদ্ধিরও আহ্বান জানান খাত সংশ্লিষ্টরা। (রেডিও টুডে ওয়েব পেজ:২৮ .০৬.২০২৬ আসাদ)

## ১০০০ ও ৫০০ টাকার নোট বাতিলের প্রস্তাব সংসদে

সরকার দলীয় সংসদ সদস্য ব্যারিস্টার মাহবুব উদ্দিন খোকন জাতীয় সংসদে প্রচলনে থাকা ১০০০ টাকা ও ৫০০ টাকার নোট বাতিল করার দাবি জানিয়েছেন। ফ্যাসিস্ট সরকারের দুর্নীতিবাজদের জমানো অপ্রদর্শিত অর্থ ব্যাংকিং ব্যবস্থায় ফেরাতে, মানিলন্ডারিং প্রতিরোধ এবং কালো টাকার উৎস বন্ধ করার জন্য তিনি এই প্রস্তাব করেছেন। একইসঙ্গে তিনি দেশে প্রয়োজনের তুলনায় অতিরিক্ত ব্যাংক রয়েছে উল্লেখ করে ব্যাংকের সংখ্যা কমানোরও আহ্বান জানান। রোববার জাতীয় সংসদের বাজেট অধিবেশনে সাধারণ আলোচনায় অংশ নিয়ে তিনি এসব কথা বলেন। মাহবুব উদ্দিন খোকন বলেন, অনেক মানুষ ব্যাংকে না রেখে ঘরে নগদ অর্থ সংরক্ষণ করছেন। যারা দেশ ছেড়ে পালিয়েছেন, তারাও বিপুল পরিমাণ নগদ অর্থ রেখে গেছেন। এ অবস্থায় ১,০০০ ও ৫০০ টাকার নোট এক থেকে দুই মাসের মধ্যে জমা দেওয়ার নির্দেশ দেওয়া হলে সেই অর্থ ব্যাংকিং ব্যবস্থায় ফিরে আসবে। খোকন বলেন, যাদের টাকার বৈধ উৎস দেখানোর সুযোগ নেই, তারা নির্দিষ্ট হারে ২০ থেকে ২৫ শতাংশ কর দিয়ে অর্থ বৈধ করতে পারবেন। এতে বিপুল পরিমাণ অর্থ ব্যাংকে ফিরে আসবে, বিনিয়োগ বাড়বে এবং অর্থনীতিতে অর্থের প্রবাহ বৃদ্ধি পাবে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৮ .০৬.২০২৬ আসাদ)

## টিউলিপ সিদ্দিকসহ দুইজনের বিরুদ্ধে অভিযোগ গঠন ১ সেপ্টেম্বর

রাজধানীর গুলশান-২ এলাকায় অবৈধভাবে ফ্ল্যাট গ্রহণের অভিযোগে দুর্নীতি দমন কমিশনের করা মামলায় ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভাগনি ও শেখ রেহানার মেয়ে টিউলিপ রিজওয়ানা সিদ্দিক এবং রাজউকের সাবেক সহকারী আইন উপদেষ্টা সরদার মোশাররফ হোসেনের বিরুদ্ধে অভিযোগ গঠন শুনানির জন্য আগামী ১ সেপ্টেম্বর দিন ধার্য করেছেন আদালত। আজ ঢাকার বিশেষ জজ আদালত-৫ এর বিচারক মোহাম্মদ আব্দুল্লাহ আল মামুনের আদালতে মামলার অভিযোগ গঠন শুনানির জন্য দিন ধার্য ছিল। এদিন মামলার আসামি মোশাররফের পক্ষে অভিযোগ গঠন শুনানি পেছানোর জন্য সময়ের আবেদন করেন। আদালত সময়ের আবেদন মঞ্জুর করে আগামী ১ সেপ্টেম্বর অভিযোগ গঠন শুনানির জন্য দিন ধার্য করেন। দুদকের পাবলিক প্রসিকিউটর মীর আহম্মেদ সালাম বাসস,কে বিষয়টি নিশ্চিত করেন। (রেডিও টুডে ওয়েব পেজ:২৮ .০৬.২০২৬ আসাদ)

## তিস্তা মহাপরিকল্পনার কাজ শুরু করতে সম্ভাব্যতা জরিপ দ্রুত শেষ করা হবে : পানিসম্পদ মন্ত্রী

তিস্তা মহাপরিকল্পনার কাজ শুরু করতে `খুব দ্রুত সম্ভাব্যতা জরিপ শেষ করা হবে, বলে জানিয়েছেন পানিসম্পদ মন্ত্রী মো. শহীদ উদ্দীন চৌধুরী এ্যানি। চীনে সরকারি সফর শেষে বেইজিং ত্যাগের আগে পানি সম্পদমন্ত্রী গণমাধ্যমের কাছে সফরের বিষয়ে আলোপকালে এই কথা জানান। তিনি বলেন, ”তিস্তায় একটা ফিজিবিলিটি স্টাডির ব্যাপারে চীন সম্মত হয়েছে। আমরা যৌথভাবে স্টাডিটা কমপ্লিট করব।„ পানি সম্পদমন্ত্রী বলেন, ”সামগ্রিক নদী ব্যবস্থাপনায় অন্যান্য যে সকল নদী রয়েছে, সেগুলোর জন্য আমরা তাদের থেকে সহযোগিতা চেয়েছি, অনেকগুলা নদীর সঙ্গে তাদের যে সম্পৃক্ততা, সেগুলোও আমরা এডজাস্ট করব।„ তিনি বলেন, ”এর পাশাপাশি তিস্তার ব্যাপারে আমাদেরকে

চীন যে সহযোগিতা দেবে, এর ভিত্তিতে আমরা খুব দ্রুততম সময়ের মধ্যে আমরা আমাদের পক্ষ থেকে সিদ্ধান্ত নেব। খুব শীঘ্রই তিস্তার যে পরিকল্পনা, এই পরিকল্পনাটা আমরা জনগণের দোরগোড়ায় পৌঁছে দেবো। সেটার জন্য ইনশাল্লাহ এই বাজেটেই যেন আমরা কাজ করতে পারি, সেই দিকে আমরা বিশেষভাবে নজর দিয়েছি।„ চীনের পানিসম্পদ মন্ত্রীর সাথে প্রধানমন্ত্রী তারেক রহমানের বৈঠকের কথা উল্লেখ করে শহীদউদ্দীন চৌধুরী এ্যানি বলেন, "তিস্তার ব্যাপারে আমাদের প্রধানমন্ত্রী কয়েকবার আলোচনা করেছেন। ইভেন, চীনের প্রেসিডেন্টের সামনে, চীনের প্রধানমন্ত্রীর সামনে তিস্তা নিয়ে আলোচনা হয়েছে।„(রেডিও টুডে ওয়েব পেজ:২৮.০৬.২০২৬ আসাদ)

## অন্তর্বর্তী সরকারের সময়ে সর্বোচ্চ দুর্নীতি হয়েছে : সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, অন্তর্বর্তী সরকারের সময়ে সর্বোচ্চ দুর্নীতি হয়েছে। রোববার জাতীয় সংসদে বাজেট অধিবেশনে এ কথা বলেন তিনি। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, অন্তর্বর্তী সরকারের সময় যমুনার অন্দরে আর কিনারে হওয়া ভয়াবহ দুর্নীতির তদন্ত করতে দুদককে নির্দেশ দিতে প্রধানমন্ত্রীর প্রতি আহ্বান জানাচ্ছি। তিনি আরও বলেন, টিআইবি কয়েকদিন আগে একটা রিপোর্ট করেছে 'সর্বোচ্চ দুর্নীতি হয়েছে' অন্তর্বর্তী সরকারের সময়ে। এসব কথা আমি বলছি না, গণমাধ্যম বলেছে। এই একটা অস্থির সময় পার করে আমাদের নির্বাচন আদায় করতে হয়েছে। হ্যাঁ, এজন্য নির্বাচন ও জাতীয় স্বার্থে জুলাই সনদে আমরা সই করেছি।(রেডিও টুডে ওয়েব পেজ:২৮.০৬.২০২৬ আসাদ)

## স্বাধীনতাবিরোধী ভূমিকার জন্য এখনো ক্ষমা চায়নি জামায়াত : মির্জা ফখরুল

**১৯৭১** সালের মহান মুক্তিযুদ্ধের সময় স্বাধীনতাবিরোধী ভূমিকার জন্য জামায়াতে ইসলামী এখনো জাতির কাছে ক্ষমা চায়নি বলে মন্তব্য করেছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, অতীতের সেই অবস্থান নিয়ে দলটির এখনো নতুন করে ভাবার সুযোগ রয়েছে। একইসঙ্গে বাংলাদেশের স্বাধীনতা সম্পর্কে নিজেদের অবস্থান স্পষ্ট করারও আহ্বান জানান তিনি। রবিবার জাতীয় সংসদে প্রস্তাবিত বাজেটের ওপর সাধারণ আলোচনায় অংশ নিয়ে তিনি এসব কথা বলেন। সংসদে বিরোধী দলের বেঞ্চের দিকে ইঙ্গিত করে মির্জা ফখরুল বলেন, যারা ওই পাশে আছেন, তারা নানা সময় আমাদের ক্ষুব্ধ করার চেষ্টা করেছেন। কিন্তু এখন সময় এসেছে নিজেদের দিকেও একবার ফিরে তাকানোর। **১৯৭১** সালের ভূমিকার জন্য আপনারা কখনও জাতির কাছে ক্ষমা চাননি। যদি সেই ভুল স্বীকার করতেন, তাহলে আজকের অনেক সমস্যাই সৃষ্টি হতো না। জামায়াতে ইসলামীর প্রয়াত নেতা অধ্যাপক গোলাম আজমের বক্তব্যের প্রসঙ্গ টেনে তিনি বলেন, তিনি একসময় বলেছিলেন, **১৯৭১** সালে তারা কোনো ভুল করেননি। কিন্তু আমার বিশ্বাস, এখনো সময় আছে, আপনারা নতুন করে বিষয়টি ভেবে দেখতে পারেন। তিনি আরো বলেন, বাংলাদেশ সম্পর্কে আপনাদের অবস্থান পরিষ্কারভাবে জাতির সামনে তুলে ধরা উচিত। **১৯৭১** সালের বিষয়ে আপনাদের স্পষ্ট বক্তব্য আমরা কখনও শুনিনি। যদি আপনারা সেই ইতিহাস স্বীকার করেন, তাহলে আপনাদের জন্য রাজনীতি আরো সহজ হয়ে যাবে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৮.০৬.২০২৬ আসাদ)

## একাত্তরে দেশ চায়নি জামায়াত, ইশতেহারেও ইসলাম নেই : স্বরাষ্ট্রমন্ত্রী

একাত্তরে স্বাধীনতার বিরোধিতা থেকে শুরু করে বর্তমান রাজনীতিতে জামায়াতে ইসলামীর `সুবিধাবাদী, ভূমিকার তীব্র সমালোচনা করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। জাতীয় সংসদে দাঁড়িয়ে তিনি দলটির ৯৩ পৃষ্ঠার রঙিন নির্বাচনি ইশতেহারের দিকে আঙুল তুলে বলেন, মুখে ইসলামের কথা বললেও এদের ইশতেহারের কোথাও শরিয়া আইন বা ইসলামী সমাজ ব্যবস্থা প্রতিষ্ঠার কোনো অঙ্গীকার নেই। রবিবার জাতীয় সংসদে বাজেট অধিবেশনে দেওয়া বক্তব্যে দলটির দীর্ঘ রাজনৈতিক ইতিহাস ও বিভিন্ন সময়ের সুবিধাবাদী আচরণের তীব্র সমালোচনা করে স্বরাষ্ট্রমন্ত্রী এই প্রশ্ন তোলেন। একইসঙ্গে দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি, অর্থনীতি এবং ইসলামী ব্যাংকের লেনদেন নিয়ে ওঠা বিভিন্ন বিতর্কের কড়া জবাব দেন মন্ত্রী। দলটির ৯৩ পৃষ্ঠার নির্বাচনি ইশতেহারের কোথাও শরিয়াহ আইন, ইসলামী রাষ্ট্র বা ইসলামী বিচার ব্যবস্থা প্রতিষ্ঠার কথা উল্লেখ নেই জানিয়ে তিনি প্রশ্ন তুলেছেন, জামায়াত আসলে কেমন ইসলামী দল? একইসঙ্গে দলটির দীর্ঘ রাজনৈতিক ইতিহাস টেনে স্বরাষ্ট্রমন্ত্রী তাদের বিভিন্ন সময়ের সুবিধাবাদী আচরণের তীব্র সমালোচনা করেন। জামায়াতে ইসলামীকে একটি আন্তর্জাতিক সংগঠনের শাখা হিসেবে আখ্যায়িত করে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, জামায়াতে ইসলামীর নামের সঙ্গে ইসলাম থাকলেও তাদের রাজনৈতিক ইশতেহারে এর কোনো বাস্তব প্রতিফলন নেই। (রেডিও টুডে ওয়েব পেজ:২৮.০৬.২০২৬ আসাদ)

## সংসদ অধিবেশন থেকে বিরোধী দলের ওয়াকআউট

বিলের প্রতিলিপি না পাওয়াকে কেন্দ্র করে জাতীয় সংসদ অধিবেশন থেকে ওয়াকআউট করেছে বিরোধী দল। রবিবার রাতে সংসদ অধিবেশনের শেষদিকে দিনের কার্যসূচি অনুযায়ী আইন প্রণয়নের কার্যাবলী চলাকালে এ ঘটনা ঘটে। স্থানীয় সরকার মন্ত্রী ও বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর কার্যপ্রণালী বিধির ৩০০ বিধিতে একটি বিবৃতি দেওয়ার আগ্রহ প্রকাশ করলে স্পিকার তাকে ফ্লোর দেন। এ সময় বিরোধী দলের একাধিক সদস্য পয়েন্ট অব অর্ডারে কথা বলার জন্য দাঁড়ান। পরিস্থিতি নিয়ন্ত্রণে এনে স্পিকার বলেন, `মাননীয় সদস্যবৃন্দ, এই মুহূর্তে পয়েন্ট অব

অর্ডারে কথা বলাটা এন্ডলেস হয়ে যাবে। আমাদের ৩০০ বিধিতে একটা বিবৃতি আছে, বিবৃতিটা একটু শুনি। এসময় মির্জা ফখরুল ইসলাম বলেন, `আপনাদের ভালোর জন্যই বলছি, প্লিজ বসুন। আপনাদের জন্য সুখবর আছে।, একপর্যায়ে হট্টগোল আরও বাড়লে সরকারি দলের পক্ষে আগামীকাল বিবৃতি দেওয়ার বিষয়ে কথা ওঠে। পরিস্থিতি বিবেচনায় নিয়ে স্পিকার শেষ পর্যন্ত সমবায় ও স্থানীয়সরকার মন্ত্রীর বিবৃতি স্থগিত করেন এবং অধিবেশন সমাপ্তির ঘোষণা দেন। স্পিকার বলেন, `সংসদের বৈঠক সোমবার সকাল সাড়ে ১০টা পর্যন্ত মুলতবি করা হলো।, তিনি উপস্থিত সকল সদস্যকে সহযোগিতার জন্য ধন্যবাদ জানিয়ে আল্লাহ হাফেজ ও বাংলাদেশ জিন্দাবাদ বলে স্পিকারের আসন ত্যাগ করেন। (রেডিও টুডে ওয়েব পেজঃ২৮.০৬.২০২৬ আসাদ)

## তিন নয়, দুই ধাপে বাস্তবায়ন হতে পারে নবম পে-স্কেল

সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জন্য নবম পে-স্কেল বাস্তবায়নের প্রস্তুতি শেষ পর্যায়ে। এ লক্ষ্যে সম্প্রতি মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গনির সভাপতিত্বে সচিব কমিটির বৈঠকে নতুন বেতন কাঠামো নিয়ে বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ নীতিগত সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সংশ্লিষ্ট সূত্র জানায়, শুরুতে তিন ধাপে নতুন পে-স্কেল বাস্তবায়নের পরিকল্পনা থাকলেও সরকারি কর্মচারীদের দাবির পর, তা পরিবর্তন করে দুই ধাপে বাস্তবায়নের নীতিগত সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পরিকল্পনা অনুযায়ী, ১০ম থেকে ২০তম গ্রেডের কর্মকর্তা-কর্মচারীরা প্রথম ধাপেই সম্ভাব্য বেতন বৃদ্ধির ৬০ শতাংশ সুবিধা পাবেন। অন্যদিকে, ১ম থেকে ৯ম গ্রেডের কর্মকর্তাদের জন্য প্রথম ধাপে ৪০ শতাংশ বর্ধিত বেতন কার্যকরের চিন্তাভাবনা চলছে। একইসঙ্গে ১১তম থেকে ২০তম গ্রেডের দীর্ঘদিনের বেতন বৈষম্য দূর করতে পৃথক একটি রোডম্যাপ প্রণয়নের উদ্যোগ নেওয়া হয়েছে। মূল বেতন বৃদ্ধির পাশাপাশি বর্তমান জীবনযাত্রার ব্যয় বিবেচনায় বাড়িভাড়া ও চিকিৎসা ভাতা বাড়ানোর বিষয়েও গুরুত্ব দেওয়া হয়েছে। পে-স্কেল ঘোষণার পর কোনো আইনি বা কারিগরি জটিলতা এড়াতে প্রয়োজনীয় আইনগত যাচাই ও বিধিমালা সংশোধনের কাজ দ্রুত এগিয়ে নেওয়া হচ্ছে। পাশাপাশি বেতন নির্ধারণ প্রক্রিয়াকে সম্পূর্ণ ডিজিটাল ও স্বয়ংক্রিয় করার প্রস্তুতিও চলছে। সরকারের লক্ষ্য আগামী ১ জুলাই থেকে নতুন পে-স্কেল কার্যকর করা। যদিও প্রশাসনিক ও আইনি প্রক্রিয়া শেষ হতে আরও দুই থেকে তিন মাস লাগতে পারে, তবে কার্যকারিতা ১ জুলাই থেকেই গণ্য হবে। ফলে বর্ধিত বেতনের বকেয়া অর্থ পরবর্তীতে পরিশোধ করা হবে। (রেডিও টুডে ওয়েব পেজঃ২৮.০৬.২০২৬ আসাদ)

## দেশে ফের ভূমিকম্প অনুভূত

ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে মৃদু ভূমিকম্প অনুভূত হয়েছে। এর উৎপত্তিস্থল নরসিংদীতে। রোববার ৯টা ২৮ মিনিটে এ কম্পন অনুভূত হয়। যুক্তরাষ্ট্রের ভূতাত্ত্বিক জরিপ সংস্থা ইউএসজিএসের তথ্যমতে, বাংলাদেশ সময় রাত ৯টা ২৮ মিনিটে এ ভূমিকম্প অনুভূত হয়। যার মাত্রা ৪ দশমিক ৪। তাৎক্ষণিকভাবে হতাহত কিংবা ক্ষয়ক্ষতির কোনো খবর পাওয়া যায়নি। (রেডিও টুডে ওয়েব পেজঃ২৮.০৬.২০২৬ আসাদ)

# BBC

### US & IRAN EXCHANGE STRIKES & ACCUSE EACH OTHER OF VIOLATING CEASEFIRE

The US has conducted new strikes on Iran, following a drone attack on a Panama-flagged vessel in the Strait of Hormuz on Saturday. US Central Command (Centcom) said it hit multiple targets across Iran in direct response to "continued aggression" against commercial shipping. In retaliation, Iran's Islamic Revolutionary Guard Corps (IRGC) said it has launched missiles and drones at US infrastructure in Kuwait and Bahrain, in a statement shared to state media. Following the exchange of fire, the US and Iran accused each other of violating the ceasefire agreement. Centcom said in a statement, "Iran was given a chance to honor the ceasefire agreement but elected not to when its forces launched a one-way attack drones that hit MT Kiku, a Panama-flagged tanker.

(BBC News Web Page: 28/06/26, FARUK)

### IRAQ SECURITY FORCES ARREST SEVERAL OFFICIALS IN ANTI-CORRUPTION CRACKDOWN

Several Iraqi politicians, lawmakers and officials have been arrested on corruption charges, Iraqi state-run media report. Among the suspects detained on Sunday during dawn raids conducted by elite security forces in the capital, Baghdad, were officials whose names were mentioned in confessions. Also arrested were members of parliament "whose immunity had been lifted", a security source told the Iraqi News Agency. The arrests were made as part of a wider anti-corruption crackdown reportedly ordered by Iraq's new prime minister, Ali al-Zaidi. There has been no official statement from the Iraqi government or security forces about the arrests, but a member of the Al-Azam Alliance, speaking on condition of

anonymity, told the BBC that Muthanna al-Samarrai, the head of the alliance, was detained. His office manager was also arrested during a raid on al-Samarrai's residence inside Baghdad's Green Zone. (BBC News Web Page: 28/06/26, FARUK)

**AT LEAST 11 DEAD IN CIVILIAN PLANE CRASH IN EASTERN FRANCE**

At least 11 people have died after a civilian plane crashed in eastern France, local authorities say. Police on Sunday called on people to "strictly avoid" the area around the airport in the town of Tomblaine, while local media said the aircraft was carrying a group of people on a skydiving trip. The pilot and all 10 passengers - five students and five instructors - died in the accident, the prefecture said. The Ministry of the Interior said Interior Minister Laurent Nunez was on his way to the state. (BBC News Web Page: 28/06/26, FARUK)

**SAUDI ARABIA HELICOPTER CRASH KILLS ALL 14 ON BOARD**

At least 14 people have been killed after a helicopter crashed in Saudi Arabia, Saudi state media reported, citing an official source at the country's energy ministry. The SPA state news agency reported that the helicopter belonging to the Saudi Aramco oil company crashed in Ras Tanura on Sunday, killing all 14 people on board. It said that investigations were under way to determine the cause of the crash, and extended its condolences to the families of those killed. (BBC News Web Page: 28/06/26, FARUK)

**IRAN ATTACKS KUWAIT AND BAHRAIN IN RESPONSE TO US STRIKES**

Iran has launched attacks on Bahrain and Kuwait after the United States struck five Iranian targets, escalating tensions and threatening the fragile ceasefire agreed by the two sides earlier this month. The Islamic Revolutionary Guard Corps (IRGC) confirmed the attacks on Sunday, saying it launched ballistic missiles and drones at the US Ali Al Salem airbase in Kuwait and the US Fifth Naval Fleet at Port Salman in Bahrain. Bahrain condemned the attacks, saying they violated its sovereignty and undermined "opportunities for de-escalation and stability in the region", while Kuwait described the "repeated heinous Iranian aggressions" as a "flagrant violation of its sovereignty".
(BBC News Web Page: 28/06/26, FARUK)

**SERBIA'S PRESIDENT ALEKSANDAR VUCIC SAYS WILL RESIGN WITHIN WEEKS**

Serbia's President Aleksandar Vucic says he will step down within "weeks". Vucic announced his plan to resign on Sunday, paving the way for early presidential and parliamentary elections. This follows months of youth-led protests that shook his term as president. "I will be president for only a couple of weeks, and then I will resign," Vucic told his supporters at a pro-government rally in the capital, Belgrade. Vucic did not specify exactly when he would resign or when an electron - for Parliament or for a new president - would be held. The president's second and last mandate was set to expire in mid-2027. Vucic has gradually tightened his grip on power since his populist party took over the Serbian government 14 years ago. (BBC News Web Page: 28/06/26, FARUK)

## :: THE END ::